**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

WBCS, SSC, BANK, PSC, P.TET, INTERVIEW, RAIL Gr. D, POLICE, AGNIVEER Special 'জয় বাংলা' কোর্স। স্বল্প ও মাসিক ফি। গ্রুপ অ্যাডমিশন এ বিশেষ ছাড়। UDAAN EDUCO, বহরমপুর (H.O)- 9046853164 রানাঘাট- 8695268660

D

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রীট, কলি-9, 7980637213

CM

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

## শিক্ষক-শিক্ষিকা

A female teacher is needed urgent (residencial), 6295809353

SH

## স্কুল-কলেজ-শিক্ষা

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে B.A, M.A, M.Sc, LLB, B.Ed, M.Ed, M.M.A, P.Hd – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007

S

100% গ্যারান্টি সহকারে খুব কম সময়ের মধ্যে যেকোনো বয়সের ছেলেমেয়েদের অনলাইন/অফলাইনে স্পোকেন ইংলিশ শেখানো হয়। যোগাযোগ করুন : 6291495934

SH(A)

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

## ব্যবসা

### হোলসেল বিক্রি

সব ধরনের স্টেশনারি দ্রব্য হোলসেল মূল্যে বিক্রি আছে। এছাড়া অফিস আসবাবপত্র বিক্রি আছে। Mobile: 9433074010, 7980245664

SH(A)

## কর্মখালি

### জরুরী বিজ্ঞপ্তি

L.No. WB-SN0789 শিক্ষাগত যোগ্যতানুযায়ী এয়ারপোর্ট-এ বিভিন্ন কাজে স্থায়ী পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : M.P.–স্নাতক ও উর্দ্ধে, বয়স : (18–45), বেতন : (21500–61900), থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা পাবেন। সত্বর যোগাযোগ M : 8697420193

SA(A)

### জরুরী বিজ্ঞপ্তি
### L NO.-WB 60729

সম্পূর্ণ বিনা ডোনেশনে কোলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S- স্নাতক ও উর্দ্ধে। বয়স : (18-45)। বেতন : (21500 –62900). PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। M : 8697872965

SA

## কর্মখালি

স্থায়ীপদে 35 জন যুবক / যুবতী নিয়োগ করা হবে। বয়স (18-30)। আয় ... ট্রেনিং চলাকালীন (6k-10k) ট্রেনিং শেষে 18k. M : 9800045661

MS

Axis Bank DSAতে আর্জেন্ট জব। যোগ্যতা অনুযায়ী সরাসরি নিয়োগ। All W.B. M/F মোট 226 জন। বেতন : 17K–42K. বয়স : 18–55, PF, ESI, OT. M : 7430944580

SA

### নিয়োগ সমাচার

WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলা ভিত্তিক বিভিন্ন পদে ও অফিসিয়াল কাজের জন্য কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক, বেতন - 19K - 54K + OT, ESI, PF, বোনাস, যোগাযোগ- 7501036250

SA

### নিয়োগ বিজ্ঞপ্তি

L.No. WB-SL7885 এয়ারপোর্টে যোগ্যতানুযায়ী বিভিন্ন কাজের জন্য সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : M.P.–স্নাতক ও উর্দ্ধে, বয়স : (18–45), বেতন : (21500–61900), থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা পাবেন। যোগাযোগ M : 9007203632

SA(A)

## কর্মখালি

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। মোট আসন-2786, স্যালারি - 30K to 94K. Age - 18+ -55 M/F নিয়োগ। থাকা খাওয়া ফ্রী পুরো PF, ESI, বোনাস সুবিধা অষ্টম - স্নাতক। M : 8327250660

SA

### আর্জেন্টি ভ্যাকান্সি

L.No. WB-S05839 কোলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : H.S–স্নাতক ও উর্দ্ধে, বয়স : (18–45), বেতন : (21500–62900), থাকা, খাওয়া সহ অন্যান্য সুবিধা পাবেন। সত্বর যোগাযোগ M : 8697420531

SA(A)

### আর্জেন্টি ভ্যাকান্সি

পঃবঃ 23টি জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম থেকে স্নাতক। বেতন : 18500/- থেকে 72800/-, বিশদে জানতে ফোন করুন, H.R.- 8350065250

SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি প্রাইভেট ব্যাঙ্কে চাকরি

লাইসেন্সপ্রাপ্ত অফিস থেকে প্রাইভেট ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরির সুবর্ণ সুযোগ। নিজের জেলায় পোস্টিং পাবেন। যোগ্যতা : ৮ম পাশ। বেতন : 22400+, M/F মোট 198 জন নেওয়া হবে। PF, ESI ও প্রমোশন আছে। M : 9134750144

SA

### URGENT VACANCY

WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে ব্যাক অফিস ও মিটার রিডিং পদে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12500/- থেকে 43,400/-, 8942879356

SA(A)

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার-চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

গতবারের মতো এবারেও
কমন
পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের
Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৬০০/-টাকা ৩০০/-টাকা
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান

CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (CIMST) Since 1995
U.G.C. স্বীকৃত & B.S.S. (Govt. of India) অনুমোদিত কোর্সে ভর্তি চলছে
D.M.L.T., Phlebotomy, D.P.T, E.C.G., রেডিওলজি, O.T., D.C.C.M (I.C.U), Dialysis, D.Optm, ডেন্টাল (D.D.H.), R.M.P., CMS & ED, আয়ু: (D.A.M.S), Dip. in Homeo, G.N.M. Nursing, D.Pharm.
126 B, রাজা রামমোহন সরণী, কোল-9, শিয়ালদহ, আমহার্স্ট স্ট্রীট মোড়
(M) : 93310-62421
যোগ্যতা- মাধ্যমিক & H.S.
www.cimst.ac.in। হোস্টেলের ব্যবস্থা আছে

BASE
CERTIFIED ISO 9001:2015
GLORIOUS 18 YEARS
ADMISSION OPEN
B.Ed.
পশ্চিমবঙ্গে মাত্র ₹ 70,000/-
Urdu, Sociology, Psychology, Hindi, Commerce, Computer Sc., Geo, Math, Beng, Eng., His., Pol. Sc. Physical Sc., Life Sc.
এছাড়া ভর্তি চলছে
GNM, B.Sc. Nursing, D.Pharm, B.Pharm, LLB, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, BA, B.Sc., B.Com., MA, M.Sc., M.Com., B.Lib., BBA, MBA
64/1, Bidhan Nagar Road, Kol-67 | 9874243949 / 9051702807

# বিমা সংস্থায় ৫৫ অফিসার

১ পাতার পর

অ্যাকচুয়ারিয়াল। স্ট্যাটিস্টিক্স, অঙ্ক, অ্যাকচুয়ারিয়াল সায়েন্স, ইকনমিক্স, অপারেশন রিসার্চ বিষয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ৫টি।

ইনফর্মেশন টেকনোলজি। কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি (বি.ই. /বি.টেক.) কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ.কোর্স পাশরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রে মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। শূন্যপদ : ২০টি।

জেনারেলিস্ট। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৩০টি।

বয়স হতে হবে ১-১২-২০২৪'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিংয়ে নেওয়া হবে। মাইনে প্রথম বছর মাসে ৬০,০০০ টাকা। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ১৬টি, ও.বি.সি. ১৯টি, তঃজাঃ ৯টি, তঃউঃজাঃ ৫টি, ই.ডব্লু.এস. ৬টি)।

প্রার্থী বাছাইয়ের জন্য অনলাইন পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা / গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, আগরতলা, ভুবনেশ্বর, পটনা, রাঁচী, গুয়াহাটি, দিসপুর, ডিব্রুগড়, গয়া, মজঃফরপুর, জামশেদপুর, কটক, রৌরকেলা।

জেনারেলিস্ট পদের বেলায় এই পরীক্ষায় ১৪০ নম্বরের ১৪০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে রিজনিং-৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, কারেন্ট অ্যাফেয়ার্স, ইনসিওরেন্স অ্যাওয়ারনেস-৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও কম্পিউটার লিটারেসি -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০ নম্বরের ২টি প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ইংরিজি বিষয়ে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা। সময় থাকবে ৩০ মিনিট।

অ্যাকচুয়ারিয়াল পদের বেলায় এই পরীক্ষায় ১৪০ নম্বরের ১৪০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন, কারেন্ট অ্যাফেয়ার্স, ইনসিওরেন্স অ্যাওয়ারনেস-১০ নম্বরের ১০টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও কম্পিউটার লিটারেসি -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, পেশাগত নলেজ -৬০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০ নম্বরের ২টি প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ইংরিজি বিষয়ে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা। সময় থাকবে ৩০ মিনিট।

ইনফর্মেশন টেকনোলজি পদের বেলায় এই পরীক্ষায় ১৪০ নম্বরের ১৪০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে রিজনিং-১০ নম্বরের ১০টি প্রশ্ন, ইংলিশ ল্যাঙ্গোয়েজ-১০ নম্বরের ১০টি প্রশ্ন, কারেন্ট অ্যাফেয়ার্স, ইনসিওরেন্স অ্যাওয়ারনেস-১০ নম্বরের ১০টি প্রশ্ন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও কম্পিউটার লিটারেসি -১০ নম্বরের ১০টি প্রশ্ন, পেশাগত নলেজ -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। এছাড়াও সংশ্লিষ্ট বিষয়ের ওপর ১০ নম্বরের ২টি প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ইংরিজি বিষয়ে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা। সময় থাকবে ৩০ মিনিট।

নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে www.aicofindia.com অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার, মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর 'ই-রিসিপ্ট' প্রিন্ট করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ফী ডিটেলস আপডেট করে ও ফটো আর সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণ পত্রের মূল সঙ্গে নিয়ে যাবেন।

# বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** 'স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি'তে হেলথকেয়ার ও প্যারামেডিক্যাল সংক্রান্ত কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন মন্ত্রকের অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাক্টিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান তৈরি করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টিরও বেশি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়োগ করা হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। কেন্দ্রীয় সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৪-'২৫ শিক্ষাবর্ষে নীচের এইসব কোর্সে ভরতি চলছে — সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) : অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) Phlebotomy (ব্লাড কালেক্টর); ৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) এক্স-রে ইমেজিং টেকনোলজি। কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা-৭০০০১৪ মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬ ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮ | Website : www.ssmtskill.com

# কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটরি ইন্সপেক্টর কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটরি ইন্সপেক্টর কোর্সে ভরতি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেল্‌থ ট্রেনিং (আই.আই.এইচ.টি)। উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ ও সেইসঙ্গে কম্পিউটারের বেসিক ট্রেনিং থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স। থিওরির পাশাপাশি রয়েছে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। এছাড়াও এখানে স্বাস্থ্য পরিষেবার স্বল্পমেয়াদী নানান কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। সংস্থার অধ্যক্ষ রামনারায়ণ মন্ডল জানান, সরকার স্বীকৃত এই কোর্স পূর্বাঞ্চলে একমাত্র এখানেই পড়ানো হয়। কোর্স শেষ করার পর চাকরি পাওয়া যায় ভারতীয় রেল, স্বাস্থ্যমন্ত্রক, পুরসভা, পুরনিগম, পোর্ট (বিমান ও সমুদ্র), ডিভিসি, ক্যান্টনমেন্ট বোর্ড। এছাড়াও চাকরির সুযোগ আছে হাসপাতাল, হোটেল ও নানান স্বেচ্ছাসেবী বা উন্নয়নমূলক সংস্থায়।

ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায়- আই আই এইচটি, ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বহবাজার, কলকাতা-৭০০০১২। ফোন- ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩১৭৭৪৫১৭ ওয়েবসাইট : www.iiht.in

# কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

শাখা, কলাইকুন্ডা শাখা, ফরাক্কা শাখা, আর্মি পাব্লিক স্কুল ব্যারাকপুর শাখা ও কাঁকিনাড়া শাখা ২০২৫-'২৬ সেশনের জন্য 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার', 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'প্রাইমারি টিচার' ও 'কম্পিউটার ইন্সট্রাক্টর', ডান্স, যোগা, নার্স, কাউন্সেলর-সহ অন্যান্য বিষয়ের শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। চাকরি হবে চুক্তিতে। কোন শাখায় কোন কোন বিষয়ে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে :

(ক) কেন্দ্রীয় বিদ্যালয়ের সল্ট লেক ১নং শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কম্পিউটার ইন্সট্রাক্টর, ভোকেশনাল ইন্সট্রাক্টর, স্পেশাল এডুকেটর ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। দরখাস্ত করবেন ১৩ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://no1saltlake.kvs.ac.in

(খ) কেন্দ্রীয় বিদ্যালয়ের অন্ডাল শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, ভোকেশনাল ইন্সট্রাক্টর, যোগা, স্পেশাল এডুকেটর ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১২ ও ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.kvsangathan.nic.in

(গ) কেন্দ্রীয় বিদ্যালয়ের হলদিয়া শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, মিউজিক টিচার, কম্পিউটার ইন্সট্রাক্টর, স্পেশাল এডুকেটর ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://haldiaioc.kvs.ac.in

(ঘ) কেন্দ্রীয় বিদ্যালয়ের বি.এস.এফ. কৃষ্ণনগর শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কম্পিউটার ইন্সট্রাক্টর, ভোকেশনাল ইন্সট্রাক্টর, যোগা, স্পেশাল এডুকেটর, নার্স ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://bsfkrishnanagar.kvs.ac.in

(ঙ) কেন্দ্রীয় বিদ্যালয়ের আর্মি পাব্লিক স্কুল ব্যারাকপুর শাখা ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কম্পিউটার টিচার ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। দরখাস্ত করবেন ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.apsbkp.in

(চ) কেন্দ্রীয় বিদ্যালয়ের কাঁকিনাড়া শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কম্পিউটার ইন্সট্রাক্টর, ভোকেশনাল ইন্সট্রাক্টর, যোগা, স্পেশাল এডুকেটর, নার্স ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://kankinara.kvs.ac.in

(ছ) কেন্দ্রীয় বিদ্যালয়ের বালিগঞ্জ শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কম্পিউটার ইন্সট্রাক্টর, ভোকেশনাল ইন্সট্রাক্টর, যোগা, স্পেশাল এডুকেটর, নার্স ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://baligunge.kvs.ac.in

(জ) কেন্দ্রীয় বিদ্যালয়ের কমান্ড হসপিটাল আলিপুর শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, মিসলেনিয়াস টিচার ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://alipore.kvs.ac.in


(ঝ) কেন্দ্রীয় বিদ্যালয়ের কলাইকুন্ডা এয়ারফোর্স স্টেশন শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, মিসলেনিয়াস টিচার ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ও ১৪ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no2kalaikunda.kvs.ac.in

(ঞ) কেন্দ্রীয় বিদ্যালয়ের এন.টি.পি.সি ফরাক্কা শাখা পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার, কোচেস ইত্যাদি পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://ntpcfarakka.kvs.ac.in

(ট) কেন্দ্রীয় বিদ্যালয়ের আর্মি পাব্লিক স্কুল ব্যারাকপুর শাখা ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা নিচে ছ। প্রার্থী বাছাইয়ের ইন্টারভিউ হবে ১৮ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.apsbkp.in

# মাইক্রোফিনান্স কোম্পানিতে কয়েকশো অফিসার, ম্যানেজার

**নিজস্ব সংবাদদাতা, সল্টলেক :** রাজ্যের নামী ক্ষুদ্রঋণ প্রদানকারী কোম্পানি, ধোসা ফিনকেয়ার প্রাইভেট লিমিটেডে 'ফিল্ড অফিসার' পদে কয়েকশো ছেলেমেয়ে নিচ্ছে। পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর জেলায় নতুন শাখা অফিস খোলার জন্য এই নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। বাইক / স্কুটি থাকতে হবে। আকর্ষণীয় স্যালারি ছাড়াও PF, ESIC, Gratuity, Incentive ও Bonus-এর ব্যবস্থাও আছে। মোবাইল বিল ও গাড়ির তেলের খরচ আলাদাভাবে দেওয়া হবে। বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : 7584814245, ই-মেল : hr@dhosa.in, ওয়েবসাইট : www.dhosa.in



১১ সেপ্টেম্বর মুর্শিদাবাদের লালদিঘির কাছে বহরমপুর লজ প্রাইভেট লিমিটেডে হওয়া ধোসা ফিনকেয়ারের ওয়াক-ইন-ইন্টারভিউতে কয়েকশো ছেলেমেয়ে এসেছিলেন। ইন্টারভিউতে হাজির হওয়া কয়েকশো ছেলেমেয়ের মধ্যে যাঁরা চাকরি পেলেন, তাঁদের হাতে জয়েনিং লেটার তুলে দিচ্ছেন সংস্থার সি.ই.ও.। *নিজস্ব চিত্র, কর্মসংস্থান*

# রেলে ১,৮৮৫

১ পাতার পর

বিভাগে ৩৯৬টি, মেডিক্যাল বিভাগে ৩১টি, স্টোর্স বিভাগে ১৮টি, পার্সোনেল বিভাগে ৪৯টি। এই পদের বিজ্ঞপ্তি নং : No. NFR / RE-RS/CN-01/2025, Date: 06-02-2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://nfr.indianrailways.gov.in, https://retiredstaff-reengage.nfreis.org

# পরিবহণ দফতরে ৮৮১

১ পাতার পর

লাইসেন্স থাকলে আর কন্ডাক্টর হিসাবে রুটের বাসে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে বাস কন্ডাক্টর হিসাবে আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট ২ ইঞ্চি আর দৃষ্টিশক্তি দরকার ৬/৬।

**VACANCY**

**Cyber Infosys (HP & DELL Preferred Partner)**- মেচেদার অফিসে Receptionist (মহিলা) ও বিভিন্ন পদে কর্মী নিয়োগ হবে। পুরুষ এবং মহিলা উভয়েই আবেদন করতে পারেন।

যোগ্যতা- **Diploma In Computer/Financial Accounting** আবেদনের জন্য বায়োডাটা পাঠান :

Email Id- cyberinfosysho@gmail.com

Ph. No- 8373087298 / 8373087299 / 8373087300

*Head Office- Mecheda, Purba Medinipur

Corporate Office- Godrej Genesis, Sector-V, Kol-91

Resonance® Kota

**YOGYASHREE-3000**

*Free Coaching for*

**JEE/NEET/WBJEE-2026**

A Scheme of BCW Dept, Govt. of West Bengal

**Hiring!**

For 60 offline Centres in West Bengal

- Center Managers

*Must have* : (Graduate, Laptop + Bike)

*Salary* : ₹12K - ₹25K + Incentives

*Vacancies* : 60

- Faculties of Physics, Chemistry, Biology, Maths

*Qual.* - M.Sc/ B.E/ B.Tech/MBBS/BDS

*Exp.* : 5 + Yrs in JEE/NEET/WBJEE

*Salary* : Best in Industry

*Vacancies* : 60 each

*Apply Before:* 18th Feb 2025

Send Resume to :

*WhatsApp*: 9031862866

*Email* : Resokolkata@gmail.com

গত বছরের মতো 'এ' বছরেও

- RPF, NTPC ও জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়
- WBCS প্রিলি পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- ৮ কেন্দ্রীয় বাহিনী কনস্টেবল পরীক্ষায়

'Common' পেতে

Last Minute Suggestion

আর

সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন

সাফল্য

সাফল্য সাধারণ জ্ঞান

হেল্প লাইন : 6291684943

চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন

# ইন্টেরিয়র ডিজাইন

ব্যবসা

১ পাতার পর



## ইন্টেরিয়র ডিজাইনার ও আর্কিটেক্টের মধ্যে পার্থক্য কী

সহজভাবে বলতে গেলে, স্থপতিরা বিল্ডিং আর স্ট্রাকচার ডিজাইন করেন ইন্টেরিয়র ডিজাইনাররা এইসব বিল্ডিংয়ের অভ্যন্তরীণ গৃহসজ্জার ডিজাইন করেন। যেকোনো স্থপতি ডিজাইন প্রক্রিয়ার অন্য সব প্রযুক্তিগত দিকের সঙ্গে জড়িত থাকেন। অভ্যন্তরীণ ডিজাইনাররা একটি বিল্ডিং তৈরি হওয়ার পর অভ্যন্তর সজ্জিত করেন।

## ইন্টেরিয়র ডিজাইন কত ধরনের হয়

ইন্টেরিয়র ডিজাইনকে শ্রেণিবদ্ধ করা যেতে পারে এই ৬ শ্রেণিতে :

(১) ঐতিহাসিক ইন্টেরিয়র ডিজাইন, (২) আধুনিক ইন্টেরিয়র ডিজাইন, (৩) পরম্পরাগত ইন্টেরিয়র ডিজাইন, (৪) ক্লাসিক ইন্টেরিয়র ডিজাইন, (৫) মিনিমালিস্ট ইন্টেরিয়র ডিজাইন, (৬) বায়োফিলিয়া ইন্টেরিয়র ডিজাইন।

## ইন্টেরিয়র ডিজাইনারের কাজ কী

এক কথায় বলা চলে, ঘরের দেওয়ালের রঙ, মানানসই আসবাবপত্রের ডিজাইন আর রঙ থেকে শুরু করে স্বল্প পরিসরের জায়গাকে কীভাবে বেশি করে ব্যবহার করা যায়, সে ব্যাপারে যাবতীয় ডিজাইন ও বাস্তবায়ন করাই ইন্টেরিয়র ডিজাইনারের কাজ।

এখন এই ডিজাইন করার চাহিদা ব্যাপক বেড়েছে। শহরের পাশাপাশি ছোটো শহর বা গ্রামের শৌখিন মানুষরাও ইন্টেরিয়র ডিজাইন করাচ্ছেন। ফলে চাহিদা প্রচুর, ক্লায়েন্টও প্রচুর। এছাড়া এ ব্যবসা ঘরে বসেও শুরু করা যায়।

## অফিস বা ব্যবসা প্রতিষ্ঠান কেমন হবে

এই ব্যবসার জন্য অফিস করতে হলে অফিসের ইন্টেরিয়র ডেকরেশনে যেন সৃজনশীলতার প্রকাশ থাকে। এতে কাস্টমার সহজেই আকৃষ্ট হতে পারেন।

## কোনো অভিজ্ঞতা ছাড়াই কি এই ব্যবসা শুরু করা যায়

প্রথমে ছোটো প্রকল্পে কাজ করে কোনো অভিজ্ঞতা ছাড়াই অভ্যন্তরীণ নকশার ব্যবসা শুরু করতে পারেন। পরে ধীরে ধীরে তা আপনার পোর্টফোলিও তৈরি করতে সাহায্য করবে আর আপনার ব্যবসাকে প্রসারিত করে বড়ো ক্লায়েন্টদের থেকে অর্ডার পেতে সহায়তা করবে। এই ব্যবসা শুরু করতে কোনো শিক্ষাগত যোগ্যতার দরকার নেই। তবে প্রাথমিকভাবে অভ্যন্তরীণ ডিজাইনে দক্ষতা থাকা দরকার। আর সৃজনশীলতা থাকা দরকার।

ফেসবুক আর ইনস্টাগ্রামের মতো সোশাল মিডিয়া নেটওয়ার্কের পাশাপাশি ওয়েবসাইটের প্রোফাইলের মাধ্যমে অনলাইন ইন্টেরিয়র ডিজাইন ব্যবসা শুরু করা যেতে পারে। তবে সেইসব পরিষেবা অফার করতে পারেন যা পুরোপুরি অনলাইনে করা যেতে পারে। যেমন : মুভ বোর্ড ডিজাইন বা রঙের সুপারিশ।

## কীভাবে এই ব্যবসা শুরু করবেন

নীচে কয়েকটি ধাপ দেখানো হল —

(১) আপনার পোর্টফোলিও তৈরি করুন : প্রথমে শক্তিশালী পোর্টফোলিও তৈরি করুন। এতে কিছু ধারণা অন্তর্ভুক্ত করতে হবে। যেমন- • অঙ্কন : 2D বা 3D হতে পারে।

• প্যালেট আর মুভ বোর্ড ডিজাইন করুন।

• ব্যক্তিগত কেনাকাটা আর সোর্সিং সুপারিশ করুন।

• পুরোপুরি রেন্ডারিং।

• কিছু প্রতিষ্ঠান বা প্ল্যাটফর্মের নাম দিন যেখানে ইন্টেরিয়র ডিজাইন কোর্স করে সার্টিফিকেশন আছে।

(২) একটি ব্যবসায়িক পরিকল্পনা করুন : • ব্যবসার বিবরণ • বিপণন পরিকল্পনা • প্রতিযোগিতামূলক বিশ্লেষণ • ব্যবসার শৈলী আর কাঠামো • উৎপাদন আর অপারেশন পরিকল্পনা • আর্থিক পরিকল্পনা।

(৩) কোনো দরকারি লাইসেন্স বা ব্যবসার অনুমতি নিন। যেমন অপারেটিং লাইসেন্স, ব্যবসার লাইসেন্স, ব্যবসার বিমা, ট্যাক্স শনাক্তকরণ নম্বর, কর্মসংস্থান চুক্তি ইত্যাদি।

(৪) বাজেট তৈরি করা।

(৫) এরপর সব পরিষেবা সংজ্ঞায়িত করুন : যেমন- • ফ্লোরিং • লাইটিং • যন্ত্রপাতি আর হার্ডওয়্যার • রঙ প্যালেট পরামর্শ • ঘর সাজানো আর স্থান পরিকল্পনা • ই-ডিজাইন • প্রকল্প ব্যবস্থাপনা।

(৬) টাকা পাঠানোর পদ্ধতি স্থাপন করুন।

(৭) ব্যবসার প্রচার করুন : • ওয়েবসাইটের উপস্থিতি • সোশ্যাল মিডিয়া — TikTok, Facebook, Instagram, Upwork.

## দরকারি মূলধন কেমন লাগে

বিনিয়োগের পরিকল্পনা নির্ভর করবে ব্যবসার পরিকল্পনা আর আয়তনের ওপর।

অল্প পুঁজিতে নিজের বাড়ি থেকেও ইন্টেরিয়র ডিজাইনিংয়ের ব্যবসা শুরু করা সম্ভব। না হলে ১টি অফিস স্পেস ভাড়া করতে হবে। সেই খরচ নির্ভর করবে এলাকার ওপর। বাড়ির গ্যারাজ বা দোকানঘর ভাড়া করেও শুরু করতে পারেন এই ব্যবসা। অফিসে নমুনা মডেল তৈরি করে রাখতে পারেন। মার্কেটিং আর প্রচারের জন্যও কিছু বিনিয়োগ দরকার। এছাড়া রয়েছে ইলেক্ট্রিসিটি ইত্যাদির খরচ, যা প্রতি মাসে দিতে হবে। কর্মী নিয়োগ করলে তাঁদের মাসিক মাইনের খরচ হিসাবে রাখতে হবে।

## আপনার ডিজাইন ফী স্ট্রাকচার ঠিক করুন

ধাপে ধাপে এভাবে ঠিক করুন —

• আপনার ডিজাইন পরিষেবার মূল্য ঠিক করতে প্রাথমিক মিথস্ক্রিয়ার জন্য ১টি ফ্ল্যাট ফী দিয়ে শুরু করুন।

• এরপর পরিবর্তনশীল চার্জ ঠিক করুন।

• বর্গ ফুট মাপে ইন্টেরিয়র ডিজাইনের ফী ঠিক হয়।

• মোটামুটিভাবে প্রকল্প খরচের ৩০%-৪৫% রাখবেন।

• ঘণ্টায়ও ইন্টেরিয়র ডিজাইন ফী ঠিক করুন।

## ইন্টেরিয়র ডিজাইনে লাভ মার্জিন কত

বেশিরভাগ ক্ষেত্রে সব সংস্থা ৩৫%-৪০% লাভ মার্জিন বজায় রাখে। যেকোনো স্বাধীন ডিজাইনার প্রতি মাসে ৫০,০০০ টাকা থেকে ১,০০,০০০ টাকা আয় করতে পারেন। শীর্ষ কোম্পানির বার্ষিক গড় ২২ এলপিএ থেকে ২৪ এলপিএ পর্যন্ত পৌঁছোতে পারে।

## ইন্টেরিয়র ডিজাইনে শিক্ষাগত যোগ্যতা কী লাগে

সাধারণভাবে শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয়তা না থাকলেও স্বীকৃত প্রতিষ্ঠান বা ইন্টেরিয়র ডিজাইনার স্কুল থেকে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রি থাকা ভালো। ব্যবসা শুরু করার আগে কোনো নামি প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থেকে হাতে-কলমে শিক্ষা নেওয়া উচিত। এতে সৃজনশীলতা প্রকাশ করতে সুবিধা হবে।

## নাম বা ব্র্যান্ড তৈরি করা দরকার

বেশিরভাগ অভ্যন্তরীণ ডিজাইন পেশাদাররা ব্যক্তিগত ব্র্যান্ড তৈরি করতে পছন্দ করেন। কারণ এটি তাঁদের আরও স্বীকৃত করে তোলে।

## উপসংহার

ইন্টেরিয়র ডিজাইন ব্যবসা অত্যন্ত পরিচ্ছন্ন ও শৌখিন ব্যবসা। ডিজাইনে প্যাশন থাকলে আর দক্ষতা অর্জন করতে পারলে এ ব্যবসায় যথেষ্ট লাভবান হবেন। তবে সাফল্যের চূড়ান্ত পর্বে পৌঁছোতে একটু সময় লাগে। এজন্য শুরুতে ঘরে বসে অল্প বিনিয়োগে এ ব্যবসা শুরু করুন।

# জেলা জাজেস কোর্টে ৪৬

১ পাতার পর

অপারেশনে যথার্থ ফিঙ্গারিং স্পিড ও টাইপিং যোগ্যতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। কলকাতা কমার্শিয়াল কোর্টে শূন্যপদ : ১৬টি (জেনাঃ ১, জেনাঃ ই.ডব্লু.এস. ২, জেনাঃ ই.সি. ২, জেনাঃ মেধাবী খেলোয়াড় ১, জেনাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ৩, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ প্রাঃসঃকঃ ১)।

**ইংলিশ স্টেনোগ্রাফার :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। শূন্যপদ : ৯টি (জেনাঃ ই.ডব্লু.এস. ১, জেনাঃ ই.সি. ২, জেনাঃ প্রাঃসঃকঃ ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি প্রাঃসঃকঃ ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ১)।

**গ্রুপ-ডি :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ১৭,০০০-৪৩,৬০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ৫, জেনাঃ ই.ডব্লু.এস. ১, জেনাঃ ই.সি. ১, জেনাঃ প্রাঃসঃকঃ ৩, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১, তঃজাঃ ২, তঃজাঃ ই.সি. ২, তঃউঃজাঃ ই.সি. ১)।

**প্রসেস সার্ভার :** কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। মূল মাইনে : ২১,০০০-৫৪,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ই.ডব্লু.এস. ১, জেনাঃ ই.সি. ১, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ইংলিশ স্টেনোগ্রাফার পদের বেলায় ৩টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, অ্যারিথমেটিক, কম্পিউটার দক্ষতা, ইংরিজি, জেনারেল সায়েন্স, লজিক্যাল অ্যান্ড বিহেভিয়ারাল রিজনিং। দ্বিতীয় পেপারে ডিকটেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট (৫০ নম্বরের)। তৃতীয় পেপারে ৫০ নম্বরের কম্পিউটার টাইপিং টেস্ট। সবশেষে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ২টি পার্ট থাকবে। প্রথম পার্টে ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, অ্যারিথমেটিক, কম্পিউটার দক্ষতা, ইংরিজি, জেনারেল সায়েন্স, লজিক্যাল অ্যান্ড বিহেভিয়ারাল রিজনিং। সময় থাকবে ১ ঘন্টা। দ্বিতীয় পার্টে থাকবে ইংরিজি ও বাংলা বিষয়ের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। প্রতিটি পার্টে থাকবে ৫০ নম্বর। এইসব বিষয়ে : প্রবন্ধ লেখা, রিপোর্ট ও প্রেসি লেখা, বাংলা প্যারাগ্রাফ লেখা, বাংলা ব্যাকরণ, ইংরিজি থেকে বাংলা ও বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ। এরপর ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও কম্পিউটার টেস্ট।

প্রসেস সার্ভার পদের বেলায় ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের এইসব বিষয়ে — জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, অ্যারিথমেটিক, কম্পিউটার দক্ষতা, ইংরিজি, জেনারেল সায়েন্স, লজিক্যাল অ্যান্ড বিহেভিয়ারাল রিজনিং। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। গ্রুপ-ডি পদের বেলায় ১০০ নম্বরের ৫০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের এইসব বিষয়ে — জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, অ্যারিথমেটিক, কম্পিউটার দক্ষতা, ইংরিজি, জেনারেল সায়েন্স, লজিক্যাল অ্যান্ড বিহেভিয়ারাল রিজনিং। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে দ্বিতীয় পার্টে থাকবে ইংরিজি ও বাংলা বিষয়ের ডেসক্রিপ্টিভ টাইপের ১০০ নম্বরের প্রশ্ন এইসব বিষয়ে : প্রবন্ধ লেখা, রিপোর্ট ও প্রেসি লেখা, বাংলা প্যারাগ্রাফ লেখা, বাংলা ব্যাকরণ, ইংরিজি থেকে বাংলা ও বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ। এরপর ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট ও কম্পিউটার টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/DRC/Purba Medinipur, Dated Tamluk 30th Day of January 2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://purbamedinipur.dcourts.gov.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (১০০×১২০ পিক্সেলে), সিগনেচার (১৬০×৭০ পিক্সেলে), শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কম্পিউটার ট্রেনিং সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধী সার্টিফিকেট ও মেধাবী খেলোয়াড় সার্টিফিকেট স্ক্যান করে নেবেন।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। এবার পরীক্ষা ফী বাবদ ইংলিশ স্টেনোগ্রাফার, প্রসেস সার্ভার ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় ৮০০ (তপশিলী, ই.ডব্লু.এস. হলে ৬০০) টাকা আর গ্রুপ-ডি পদের বেলায় ৭০০ (তপশিলী, ই.ডব্লু.এস.হলে ৫০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিং বা, ইউ.পি.আই.-এ জমা দেবেন। এছাড়াও ই-ওয়ালেটে জমা দিতে পারবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# এয়ারপোর্ট অথরিটিতে ৮৩

১ পাতার পর

২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। পোস্ট কোড : 01.

**জুনিয়র এক্সিকিউটিভ (হিউম্যান রিসোর্স) :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, পার্সোন্যাল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স বা, লেবার ওয়েলফেয়ার স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ৩০, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৭, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। পোস্ট কোড : 02.

**জুনিয়র এক্সিকিউটিভ (অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ) :** ইংরিজি বা, হিন্দি বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা ডিগ্রি কোর্সে ইংরিজি বা, হিন্দি বিষয় থাকলে আবেদন করতে পারেন। ইংরিজি থেকে হিন্দিতে ও হিন্দি থেকে ইংরিজিতে অনুবাদ করায় অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ)। পোস্ট কোড : 03.

সব পদের বেলায়ই বয়স হতে হবে ১৮-৩-২০২৫'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2025/CHQ.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। এরপর অ্যাপ্লিকেশন ভেরিফিকেশন, কম্পিউটার লিটারেসি টেস্ট, ফিজিক্যাল মেজারমেন্ট, এন্ডিওরেন্স টেস্ট বা, ড্রাইভিং টেস্ট হবে। জুনিয়র এক্সিকিউটিভ (ফায়ার সার্ভিস) পদের বেলায় অ্যাপ্লিকেশন ভেরিফিকেশন, ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট, ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্ট, ক্যারিং, ক্লাইম্বিং, ড্রাইভিং টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ ফেব্রুয়ারি থেকে ১৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aai.aero / www.aai-aero

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না।

এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ফটো আর সিগনেচার ও ফী ডিটেলস আপলোড করতে পারবেন। সবশেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# গ্র্যাজুয়েশনের পর ট্যাক্স কনসালটেন্সি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : অনেকেই চাকরির ঝক্কি-ঝামেলা এড়াতে স্বনির্ভর পেশা বেছে নেওয়াই ঠিক বলে মনে করেন। কিন্তু পেশা বাছার আগে মাথায় রাখতে হবে, তার ভবিষ্যৎ কী? এখন বিভিন্ন আইন আমূল বদলে যাওয়ায় 'অ্যাকাউন্টিং আর ট্যাক্সেশন'-এ কাজের চাহিদা তুঙ্গে। তাই ট্যাক্স কনসালটেন্সি এমনই এক স্বনির্ভর পেশা, যার চাহিদা আগেও ছিল, এখনো আছে আর ভবিষ্যতেও উত্তরোত্তর বাড়বে। ছোটো ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মধ্যবিত্ত সকলেই চান কর দিয়ে শান্তিতে দিন কাটাতে। স্বাভাবিকভাবেই অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়েছে ট্যাক্স কনসালট্যান্ট ও ই-অ্যাকাউন্ট্যান্টদের প্রয়োজনীয়তা। আগে শুধুমাত্র আইনজীবী,, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টরাই এই কাজ করতেন। কিন্তু এখন সাধারণ গ্র্যাজুয়েটরাও অত্যন্ত দক্ষতার সঙ্গে এই কাজ করছেন।

কোর্স শেষে নিশ্চিত ভবিষ্যৎ
ICE BENGAL TAX COUNSEL
শুধু পড়ায় না শেখায়

এই সংক্রান্ত কাজ করতে গেলে এই দুটি বিষয়ে জ্ঞান থাকা জরুরি : (১) অ্যাকাউন্টস, (২) ট্যাক্স। এই দুটি বিষয়ের ওপর ২৪ বছর ধরে 'প্রফেশনাল সার্টিফিকেট ইন অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন' (পিসিএটি) কোর্স করাচ্ছে এই বিষয়ে রাজ্যের অন্যতম সেরা সংস্থা — বেঙ্গল ট্যাক্স কাউন্সেল। এই কোর্স কারা করতে পারবেন? আইনজীবী তথা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলের অধ্যক্ষ সন্দীপ দত্ত বললেন, 'আইন বা বাণিজ্য শাখার গ্র্যাজুয়েটরা এই কোর্সে ভরতি হতে পারেন। আর অন্য শাখার গ্র্যাজুয়েট হলে, তাঁকে শুধুমাত্র অ্যাকাউন্টস শিখে নিতে হবে, যা এই প্রতিষ্ঠান থেকেও করা যেতে পারে অথবা বাইরে থেকেও শিখে আসতে পারেন। চাকরিজীবীরাও এই কোর্সে ভরতি হতে পারেন। ১.বছরের পিসিএটি কোর্সে জিএসটি, আয়কর, প্রফেশন কর, ইএসআই, প্রভিডেন্ট ফান্ড, ই-টিডিএস, ই-ফাইলিং আর সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার প্যাকেজ অর্থাৎ ট্যালি,প্রাইম শেখানো হয়। সহজ কিস্তিতে কোর্স ফী দেওয়ার ব্যবস্থা আছে। এই কোর্স শেষ করে ট্যাক্স কনসালট্যান্ট হিসাবেও কাজ করতে পারেন।' অল ইন্ডিয়া ট্যাক্সেশন সিস্টেমে ই-ফাইলিং চলে আসায় ট্যাক্স কনসালটেন্ট এবং ই-অ্যাকাউন্ট্যান্টদের চাহিদা এখন আকাশছোঁয়া। সবাই বলেন চাকরি নেই, চাকরি নেই। আমরা বলি, কাজ রয়েছে, কাজ জানা মানুষ নেই। বর্তমানে জনসাধারণ ও ব্যবসায়ী মহল যেভাবে কর প্রদান করার জন্য এগিয়ে আসছেন সেই কারণে অ্যাকাউন্টস এবং ট্যাক্স কনসালট্যান্ট হিসেবে কাজ করার মাধ্যমে এক বিশাল কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। বিকম ও ল'এর সিলেবাসে ট্যাক্স কনসালটেন্সির হাতে-কলমে প্রশিক্ষণের তেমন কোনো সুযোগই থাকে না। কিন্তু, আমরা বেঙ্গল ট্যাক্স কাউন্সেলর জোর দিয়েছি ঠিক এই জায়গাতে। এই প্রতিষ্ঠানে পিসিএটি কোর্সে ২ বার ভরতি নেওয়া হয়। এই কোর্সে ভরতি হওয়ার শেষ দিন ৩১ ডিসেম্বর। মাত্র ১ বছরের মধ্যেই এই প্রফেশনাল কোর্স করে কীভাবে দাঁড়ানো যায়, তা সরাসরি জানতে যোগাযোগ করুন এই নম্বরে ৯৩৩১০৬২৭৩৩, ৯৩৩৯৮২২৫৯১ অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায়: ১১, আনন্দ পালিত রোড, কলকাতা - ৭০০০১৪।

# WBCS 2024, SSC, Rail, Bank, PSC Miscellaneous, Clerkship

নিজস্ব প্রতিনিধি : সরকারি চাকরিতে সাফল্যের জন্য সর্বপ্রথম চাই প্রার্থীদের সঠিক চাকরির পরীক্ষা নির্বাচন ও সঙ্গে চাই সঠিক প্রশিক্ষণ ও অধ্যবসায়। রাজ্যের সেরা সরকারি চাকরির প্রশিক্ষকদের ও বিশিষ্ট সরকারি আধিকারিকদের তত্ত্বাবধানে এইরকমই সঠিক প্রস্তুতির আয়োজন করেছে ICE Academy. সব কলেজ পড়ুয়া ও গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা এই প্রশিক্ষণে যোগ দিতে পারেন।

ICE একাডেমিতে প্রশিক্ষণের জন্য WBCS 2024, SSC-CGL/CHSL, Rail, Bank PO/ Clerk, WBPSC-Miscellaneous, Clerkship-এর প্রতিটির আলাদা আলাদা কোর্সের পাশাপাশি থাকছে বিশেষ কম্বাইন্ড কোর্স, যেটি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সব সাধারণ কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির জন্য যথাযথ। থাকছে প্রতি সপ্তাহে প্রতিটি বিষয়ের ওপর বিশেষজ্ঞদের অবজেক্টিভ ও ডেস্ক্রিপটিভ ক্লাস ও নিয়মিত পরীক্ষা। পাশাপাশি ইন্টারভিউ পর্বের প্রস্তুতির জন্য চলবে ছেলেমেয়েদের গ্রুমিং ও পার্সোন্যালিটি ডেভেলপমেন্ট। সঙ্গে থাকছে বিশেষজ্ঞদের তৈরি বিশেষ স্টাডি মেটেরিয়াল ও প্র্যাকটিস পেপারের সম্ভার। এখন রাজ্যের বিভিন্ন সরকারি দফতরে কর্মরত প্রাক্তন ছেলেমেয়েরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে।

আসন্ন সব সরকারি চাকরিকে লক্ষ্য করে অনলাইন ও ক্লাসরুমে বিভিন্ন ব্যাচগুলিতে ভরতি চলছে। এছাড়া থাকছে অনলাইনে ফ্রি গাইডেন্স ও ফ্রি কাউন্সেলিংয়ের সুযোগ। তাই দেরি না করে আজই যোগাযোগ করুন। প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা : ICE Academy, 227A, রাসবিহারী অ্যাভিনিউ, বালিগঞ্জ, কলকাতা- 19 (বালিগঞ্জ রেলওয়ে স্টেশন এর পাশে)। যেকোনো সরকারি চাকরির প্রস্তুতির জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে : 9804412898, 7044517509.

# রাজ্যে গ্রাফিক্স ডিজাইনিংয়ে

১ পাতার পর

কলকাতা সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কম-বেশি ২০০ থেকে ৩০০ গ্রাফিক্স ডিজাইনার নিয়োগ হয়। এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে গ্রাফিক্স ডিজাইনার লাগে না। উদাহরণ স্বরূপ বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে গ্রাফিক্স ডিজাইনিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' গ্রাফিক্স ডিজাইনিংয়ে মূলত লোক নেওয়া হয় এইসব বিভাগে — **(১) ওয়েব ডিজাইনিং, (২) ইউজার ইন্টারফেস (UI), (৩) অ্যাডভার্টাইজিং / মার্কেটিং ডিজাইনিং, (৪) মোশন গ্রাফিক্স / অ্যানিমেশন / VFX , (৫) গেম ডিজাইনিং।** এর মধ্যে সবথেকে বেশি নিয়োগ হয় 'অ্যাডভার্টাইজিং / মার্কেটিং ডিজাইনিং' বিভাগে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে গ্রাফিক্স ডিজাইনিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই গ্রাফিক্স ডিজাইনারের দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক লোক লাগে।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন গ্রাফিক্স ডিজাইনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই গ্রাফিক্স ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ 'অ্যাডভার্টাইজিং / মার্কেটিং ডিজাইনিং' (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয় ) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (২) একমাত্র এখানেই ৩ মাসের ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ৮,০০০ থেকে ১০,০০০ টাকা দেওয়া হয়। (৩) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। (৪) আমাদের ট্রেনিংয়ে Adobe PS, Adobe Illustrator, Canva, Adobe XD এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৫) আমাদের এখানে সেরা সেরা গ্রাফিক্যাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৬) গ্রাফিক্স ডিজাইনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা গ্রাফিক্স ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (৭) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (৯) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৭ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়।**

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

এই প্রথম বেরোল
কর্মসংস্থান
e-য়ারবুক
কেন নেবেন?
যেকোনো ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষায়, সারা বছরের কোন কোন ঘটনা থেকে প্রশ্ন আসবে তা বাছাই করাটাই আসল। কোনো বইতেই তা থাকে না।
একমাত্র আমাদের e-বুকেই তা পাবেন। রাজ্যের সেরা সব বিশেষজ্ঞ, শিক্ষক/শিক্ষিকা, সরকারি আধিকারিককে নিয়ে স্পেশাল প্যানেলের বাছাই করা ঘটনা, তার বিশ্লেষণ আর ব্যাখ্যা ডিজিটালি PDF আকারে সাজানো হয়েছে। চটপট পেতে আজই ফোন করুন
6291684943
মাত্র ৩৭৫/- টাকা

URGENTLY REQUIRED
Dhosa Fincare Pvt. Ltd.-এ
ফিল্ড অফিসার নিয়োগ
পশ্চিমবঙ্গের সব জেলার জন্য
উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা যোগ্য
আকর্ষণীয় বেতন
PF, ESIC, Gratuity ও Incentive.
মোবাইল বিল, তেলের খরচ দেওয়া হবে ও থাকার সুব্যবস্থা আছে
বাইক / স্কুটি থাকা বাধ্যতামূলক
M : 7584814245
E-mail : hr@dhosa.in

গতবারের মতো এবারেও
১০০% কমন পেতে হলে কিনুন
রেলের NTPC
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
PDF-এ পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান
মাত্র ৩০০/- টাকা

গত সপ্তাহের পর

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**৩০ ডিসেম্বর :** ২০২৫ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের জানুয়ারি সময়ের জন্য, 'ভারতের গ্রেট প্লেস টু ওয়ার্ক ইনস্টিটিউট'এর তরফ থেকে মর্যাদাপূর্ণ 'গ্রেট প্লেস টু ওয়ার্ক' (কাজের জন্য দুর্দান্ত জায়গা) তকমা পেল 'স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড'। এই নিয়ে দ্বিতীয়বার এই তকমা পেল সংস্থাটি। এর আগে, ২০২৩ সালের ডিসেম্বর থেকে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত এই তকমা পেয়েছিল তারা। ইতিবাচক কাজের পরিবেশ, কর্মীদের ক্ষমতায়ন-সহ প্রভৃতি মানদণ্ডের ওপর ভিত্তি করে এই মর্যাদা দেওয়া হয়।

□এই প্রথমবার দেশের তৈরি সার্জিক্যাল রোবট ইনস্টল করা হল মহারাষ্ট্রের পুণের 'নোবেল হসপিটালস অ্যান্ড রিসার্চ সেন্টার'এ। যন্ত্রটির নাম 'এসএসআই মন্ত্র'। যন্ত্রটির ৫টি হাত ও তাতে ৩ডি ক্যামেরা বসানো আছে। শরীরের যে অংশে অস্ত্রোপচার হবে, সেই অংশের সুস্পষ্ট ত্রিমাত্রিক ছবি তুলবে ওই ক্যামেরা। ফলে, অপারেশন কক্ষের বাইরে বসেই মনিটরে সেই ছবি ও ভিডিও দেখে অস্ত্রোপচারটি নিয়ন্ত্রণ করতে পারবেন চিকিৎসকরা। রোবটটি হাতের কব্জি ৩৬০ ডিগ্রি ঘোরাতে পারে, যা মানুষের পক্ষে সম্ভব নয়। তাই শরীরের যেকোনো জায়গায় পৌঁছে গিয়ে জটিল অস্ত্রোপচার করা সম্ভব ও নিখুঁতভাবে সেলাইও করতে পারবে রোবটটি।

□চণ্ডীগড়কে ৩৪-৩১ ব্যবধানে হারিয়ে, 'সিনিয়র ন্যাশনাল মেনস হ্যান্ডবল চ্যাম্পিয়নশিপ' জিতল কেরল।

**৩১ ডিসেম্বর :** কন্যাকুমারীতে, সমুদ্রের ওপর ভারতের প্রথম কাঁচের সেতুর উদ্বোধন করলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম.কে.স্ট্যালিন। এই সেতুটি কন্যাকুমারী জেলার 'বিবেকানন্দ রক মেমোরিয়াল' ও ১৩৩ ফুট লম্বা তামিল কবি তিরুভাল্লুভার মূর্তির মধ্যে সংযোগ রক্ষা করবে। সেতুটির আকৃতি ধনুকের মতো, যেটির দৈর্ঘ্য ৭৭ মিটার ও প্রস্থ ১০ মিটার। সামুদ্রিক লবণাক্ত পরিবেশ তৈরি করার জন্য এই সেতুটি তৈরি করা হয়েছে। এই সেতুটি সমুদ্রের বাতাসের ক্ষয়কারী প্রভাব প্রতিরোধ করতে সক্ষম। এর ফলে, সমুদ্রের প্রাকৃতিক দৃশ্য দেখতে দেখতে হাঁটতে পারবেন ভ্রমণার্থীরা।

□মৃত্যুদণ্ডের বিধান বাতিল করল আফ্রিকার দেশ জিম্বাবোয়ে। দেশটির প্রেসিডেন্ট এমারসন নানগাগুয়া এই সংক্রান্ত একটি আইনের অনুমোদন দিয়েছেন। এই নতুন আইন অনুযায়ী, যেসব আসামিরা এই মুহূর্তে মৃত্যুদণ্ডপ্রাপ্ত, তাঁদের সবার শাস্তি মৃত্যুদণ্ড থেকে জেলযাত্রায় রূপান্তরিত করা হয়েছে। শুধুমাত্র দেশে জরুরি অবস্থা জারি হলে মৃত্যুদণ্ড ফেরানো যেতে পারে। প্রসঙ্গত উল্লেখ্য, দেশটিতে ঔপনিবেশিক ব্রিটিশ শাসনামলে মৃত্যুদণ্ডের বিধান চালু করা হয়েছিল। শেষবার ২০০৫ সালে ফাঁসি দিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করেছিল জিম্বাবোয়ে।



কেরলকে ১-০ ব্যবধানে হারিয়ে, 'সন্তোষ ট্রফি'তে চ্যাম্পিয়ন হল বাংলা। এই নিয়ে ৩৩ বার এই খেতাব জিতল তারা।

**১ জানুয়ারি :** চলতি ও ভবিষ্যৎ সংস্কার কাজগুলিতে গতি আনতে, সর্বসম্মতিক্রমে ২০২৫ সালকে 'সংস্কারের বছর' হিসাবে পালন করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। মূলত, ভারতের সশস্ত্র বাহিনীর কারিগরি অগ্রগতি ও যুদ্ধ প্রস্তুতিতে আধুনিকতা নিয়ে আসার লক্ষ্যেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। এই উদ্যোগ ভারতীয় নিরাপত্তা ও সার্বভৌমত্ব নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে জানিয়েছেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

□১ জানুয়ারি থেকে, বোরখা-সহ মুখ ঢেকে রাখে এমন পোশাকের ওপর নিষেধাজ্ঞা জারি করল সুইৎজারল্যান্ড। কেউ এই আইন লঙ্ঘন করলে তাঁকে ১,০০০ সুইস ফ্রাঙ্ক জরিমানা করা হবে। তবে, এই নিষেধাজ্ঞা বিমান বা, কূটনৈতিক ও কনস্যুলার প্রাঙ্গণে প্রযোজ্য হবে না আর উপাসনালয় ও অন্যান্য পবিত্র স্থানেও মুখ ঢেকে রাখা যাবে। এই আইনে আরও বলা হয়েছে, স্বাস্থ্যজনিত, আবহাওয়াজনিত ও ঐতিহ্যগত কারণেও মুখ ঢাকার সুযোগ দেওয়া হবে। এছাড়াও, শৈল্পিক বা, বিনোদন ও বিজ্ঞাপনের ক্ষেত্রে মুখ ঢাকায় কোনো বাধা থাকবে না।

□আনুষ্ঠানিকভাবে 'ইউরোপীয় ইউনিয়ন'এর পাসপোর্টমুক্ত অবাধ চলাচলের শেনজেন অঞ্চলে পূর্ণ সদস্য হিসাবে যোগ দিল রোমানিয়া ও বুলগেরিয়া। ৩১ ডিসেম্বর, মধ্যরাতের পর থেকেই দেশ দু'টি তাদের স্থলসীমান্তে পাসপোর্ট চেকিং বন্ধ করেছে। এর ফলে, দুই দেশের অধিবাসীরা এখন স্থলপথে পাসপোর্ট পরীক্ষা ছাড়াই ওই অঞ্চলের দেশগুলিতে যাতায়াত করতে পারবেন। এর মাধ্যমে, বদলে গেল ইউরোপের শেনজেন এলাকার মানচিত্র। অর্থাৎ, এর আগের ২৭টি শেনজেন রাষ্ট্র থেকে এখন বেড়ে দাঁড়ালো ২৯টি। প্রসঙ্গত উল্লেখ্য, শেনজেন হল ইউরোপের এমন একটি জোন, যেখানে অন্তর্ভুক্ত দেশগুলির মধ্যে ওইসব দেশের নাগরিকেরা পাসপোর্ট বা, ভিসা ছাড়াই ভ্রমণ করতে পারেন। অর্থাৎ, ওইসব দেশের মধ্যে সীমানা পাড়ি দিতে সীমান্তে কোনো ধরনের চেকিংয়ের মুখোমুখি হতে হবে না। এর ফলে, ইউরোপীয় ইউনিয়নের ওইসব দেশগুলির মধ্যে ভ্রমণ ও ব্যবসা-বাণিজ্য আরও সহজ হবে।

**২ ডিসেম্বর :** ১০ মিনিটের মধ্যে মুমূর্ষু রোগীর দোরগোড়ায় অ্যাম্বুল্যান্স পৌঁছে দেওয়ার পরিষেবা চালু করল অনলাইন পণ্য সরবরাহকারী সংস্থা 'ব্লিঙ্কিট'। প্রাথমিকভাবে ৫টি অ্যাম্বুল্যান্স নিয়ে শুধুমাত্র গুরুগ্রাম শহরে এই পরিষেবা চালু করা হলেও, আগামী ২ বছরের মধ্যে তা ভারতের অন্যান্য জায়গাতেও প্রসারিত করা হবে বলে জানিয়েছেন সংস্থার চিফ এক্সিকিউটিভ অফিসার অলবিন্দর ধিন্দসা। ব্লিঙ্কিট অ্যাপ থেকেই এই অ্যাম্বুল্যান্স বুক করা যাবে। সাধারণ জীবনদায়ী সুবিধাযুক্ত এইসব অ্যাম্বুল্যান্সে থাকবে - অক্সিজেন সিলিন্ডার ও সাপোর্ট সিস্টেম, এইডি, স্ট্রেচার, মনিটর, সাকশন মেশিন, সব আপৎকালীন ওষুধ ও ইঞ্জেকশন। খুব সাধারণ মূল্যে এই পরিষেবা প্রদান করা হবে।

□১৯৮৪ সালের ভোপাল গ্যাস দুর্ঘটনার প্রায় ৪০ বছর পর ইউনিয়ন কার্বাইড কারখানা থেকে সরানো হল ৩৩৭ মেট্রিক টন বিষাক্ত বর্জ্য। আগুন ধরবে না ও কোনো অবস্থাতেই বাইরে বেরিয়ে আসবে না, এমন ১২টি কন্টেনারে ওই বিপুল পরিমাণ বর্জ্য সরানো হয়। ভোপাল থেকে ওই বর্জ্য পদার্থ নিয়ে যাওয়া হয় ইন্দোরের কাছে অবস্থিত পিথমপুরে। পিথমপুরে সেই বর্জ্য পদার্থ পোড়ানো হবে। তবে, এগুলি পোড়ানোর জেরে পিথমপুরে কোনো দূষণ হবে না। তবে, বর্জ্য পোড়ানো হলে সেখান থেকে ছাইয়ের নমুনা নিয়ে পরীক্ষা চালানো হবে। বর্জ্য পুড়িয়ে যে ছাই হবে, তা দ্বিস্তরীয় আবরণে মুড়ে মাটির নীচে পুঁতে দেওয়া হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৪ সালের ২ ডিসেম্বর রাতে ভোপালের ইউনিয়ন কার্বাইড কারখানা থেকে বিষাক্ত মিথাইল আইসোসায়ানেট গ্যাস লিক করে মৃত্যু হয়েছিল ৩,৭৮৭ জনের।

**৩ জানুয়ারি :** মার্কিন পার্লামেন্টের নিম্নকক্ষ 'হাউস অফ রিপ্রেজেন্টেটিভস'এর স্পিকার হিসাবে আবার নির্বাচিত হলেন মাইক জনসন।

□'ডিরেক্টরেট জেনারেল অফ সিভিল অ্যাভিয়েশন'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ফয়েজ আহমেদ কিদওয়াই।

□২০২৫ সালের 'প্রবাসী ভারতীয় পুরস্কার'এর জন্য ২৩টি দেশে বসবাসকারী ২৭ জনের নাম ঘোষণা করল কেন্দ্রীয় বিদেশ মন্ত্রক। এমন প্রবাসী ভারতীয়, যাঁরা শিক্ষা থেকে শুরু করে ব্যবসা পর্যন্ত প্রতিটি ক্ষেত্রেই অসামান্য অবদান রেখেছেন, তাঁদের এই পুরস্কার দেওয়া হয়। বিদেশে বসবাসকারী ভারতীয়দের দেওয়া সর্বোচ্চ সম্মান এটি। ওড়িশার রাজধানী শহর ভুবনেশ্বরে ৮ থেকে ১০ জানুয়ারি এই অনুষ্ঠান হয়েছে।

□৩ থেকে ৫ জানুয়ারি, গুজরাতের জামনগরের 'মেরিন ন্যাশনাল পার্ক ও অভয়ারণ্য'এ, ভারতের প্রথম উপকূলীয় ও ওয়েডার পাখি শুমারি পরিচালিত হল। গুজরাত সরকারের বন বিভাগ ও একটি বেসরকারি সংস্থা 'বার্ড কনজার্ভেশন সোসাইটি গুজরাত'এর সহযোগিতায়, এই শুমারিটি পরিচালিত হয়েছে। শুমারির প্রথম দিনের কর্মসূচিতে ছিল বন ও বন্যপ্রাণী বিশেষজ্ঞদের বক্তৃতা, দ্বিতীয় দিন ছিল পাখি গণনা কার্যক্রম ও তৃতীয় দিনে ছিল জ্ঞান আদান-প্রদানের সেশন ও একটি সমাপ্তি অনুষ্ঠান। সারা দেশের পাখি প্রেমিক, বিশেষজ্ঞ ও গবেষকরা এই অনুষ্ঠানে অংশ নিয়েছিলেন।

□এখন ১৮ বছরের কম বয়সি শিশুদের জন্য সোশ্যাল মিডিয়ায় একটি অ্যাকাউন্ট খুলতে তাদের বাবামায়ের সম্মতি নেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে। এই নিয়ম ডিজিটাল ব্যক্তিগত ডেটা সুরক্ষা আইন ২০২৩-এর খসড়া বিধিতে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা এদিন প্রকাশ করল কেন্দ্রীয় সরকার। এই খসড়া নিয়মগুলিতে জনসাধারণকে আপত্তি বা, পরামর্শ দেওয়ার জন্য সরকারের নাগরিক জড়িত প্ল্যাটফর্ম MyGov.in-এর মাধ্যমে আমন্ত্রণ জানানো হয়েছে। এবছরের ১৮ ফেব্রুয়ারির পর এই মতামত বিবেচনা করা হবে।

**৪ জানুয়ারি :** হলদ্বানিতে, দু'টি বাগান স্থাপন করেছে উত্তরাখণ্ড বন বিভাগ, যেখানে প্রাচীন ভারতীয় মহাকাব্যে উল্লিখিত উদ্ভিদ প্রজাতিগুলি প্রদর্শিত হয়েছে। 'রামায়ণ ভাটিকা' ও 'মহাভারত ভাটিকা' নামে পরিচিত এই বাগানগুলির লক্ষ্য হল, ওইসব গ্রন্থগুলিতে নিহিত পরিবেশগত জ্ঞানকে তুলে ধরা। এক একর এলাকা জুড়ে বিস্তৃত 'মহাভারত ভাটিকা'য়, 'মহাভারত'এ উল্লিখিত ৩৭টি উদ্ভিদ প্রজাতি রয়েছে। অন্যদিকে, 'রামায়ণ ভাটিকা'তে ভগবান রামের সঙ্গে সম্পর্কিত প্রায় ৭০টি প্রজাতি রয়েছে, যা বাল্মিকী'র 'রামায়ণ'এ উল্লিখিত প্রায় ১৩৯টি প্রজাতি থেকে নেওয়া হয়েছে।



ভারতের অন্যতম শীর্ষস্থানীয় বিজ্ঞানী ড.রাজাগোপাল চিদাম্বরম (৮৮ বছর) মারা গেলেন। ১৯৭৫ সাল থেকে ১৯৯৮ সালের মধ্যে ভারতের পারমাণবিক পরীক্ষার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তিনি। ১৯৭৫ সালে 'পোখরান-১' পরীক্ষার কোঅর্ডিনেটর ছিলেন তিনি। এরপর ১৯৯৮ সালে 'পোখরান-২'এর প্রস্তুতির কোঅর্ডিনেটরও ছিলেন তিনি।

□১৬ জানুয়ারি দিনটিকে, 'লোকপাল দিবস' হিসাবে পালন করার সিদ্ধান্ত নিল ভারতীয় লোকপাল। ২০২৪ সালের ১৪ মার্চ এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। এই দিনটি পালনের লক্ষ্য হল, প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে লোকপালের ভূমিকা সম্পর্কে সচেতনতা বাড়িয়ে তোলা। প্রথমবার এবছরের ১৬ জানুয়ারি এই দিনটি পালিত হয়েছে। নয়াদিল্লির মানেকশ সেন্টারের 'জোরাওয়ার অডিটোরিয়াম'এ, এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভারতের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না।

□প্রতি বছর ৩ জানুয়ারি সাবিত্রীবাই ফুলে'র জন্মবার্ষিকীকে 'মহিলা শিক্ষক দিবস' হিসাবে পালনের সিদ্ধান্ত নিল তেলেঙ্গানা সরকার। প্রয়াত সমাজ সংস্কারক ও নারী শিক্ষায় শিক্ষকদের অবদানের প্রতি শ্রদ্ধা জানাতে এই দিনটি উদযাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই দিনটি একটি রাষ্ট্রীয় অনুষ্ঠান দিবস পালিত হবে বলে জানিয়েছে রাজ্য সরকার।

**৫ জানুয়ারি :** বিশ্বের তৃতীয় বৃহত্তম মেট্রো নেটওয়ার্কে পরিণত হল ভারত। ১,০০০ কিলোমিটারেরও বেশি বিস্তৃত হল মেট্রোর পথ। এদিন, দিল্লি মেট্রোর ম্যাজেন্টা লাইনের উদ্বোধন করেন মোদী। এছাড়াও, দিল্লি-গাজিয়াবাদ-মিরাট রুটের নমো ভারত করিডরের ১৩ কিলোমিটারের একটি অংশও উদ্বোধন করেন তিনি। আর এর জেরেই এই রেকর্ড গড়ল ভারত। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বের সবথেকে বড় মেট্রো রেল নেটওয়ার্ক রয়েছে চিনে। এরপরই রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। এই তালিকাতেই তৃতীয় স্থান দখল করে নিল ভারত।



২০২৩ সালে কবিতার জন্য মর্যাদাপূর্ণ 'গঙ্গাধর জাতীয় পুরস্কার' পেলেন ওড়িয়া কবি প্রতিভা সতপথি। 'সম্বলপুর বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে, তাদের ৫৮ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ওড়িয়া সাহিত্যে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

□মার্কিন যুক্তরাষ্ট্রে 'প্রেসিডেন্সিয়াল মেডেল অফ ফ্রিডম' সম্মানে সম্মানিত হলেন আর্জেন্তিনার বিশ্বকাপজয়ী তারকা লিওনেল মেসি। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ বেসামরিক সম্মান। এখন মার্কিন যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাব ইন্টার মায়ামির হয়ে খেলা মেসি হলেন প্রথম আর্জেন্তাইন ফুটবলার, যিনি এই সম্মান পেলেন। প্রসঙ্গত উল্লেখ্য, মেসি-সহ মোট ১৯ জন ব্যক্তিত্ব এবার এই পুরস্কার পেলেন।

**৬ জানুয়ারি :** 'উত্তরাখণ্ড হাই কোর্ট'এর বিচারক হিসাবে নিযুক্ত হলেন আশিস নৈথানি।

□সিকিমের সোরেং জেলায়, দেশের প্রথম জৈব মৎস্য ক্লাস্টার চালু করল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সরকারের 'প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'র আওতায় স্থাপিত, এই মৎস্য ক্লাস্টারটি উদ্বোধন করেন পশুপালন ও মৎস্য মন্ত্রী রাজীব রঞ্জন সিং। এই জৈব মৎস্য ক্লাস্টারটির লক্ষ্য হল, বিশ্বব্যাপী পরিবেশ-সচেতন বাজারের জন্য অ্যান্টিবায়োটিক, রাসায়নিক ও কীটনাশকমুক্ত জৈব মাছ চাষ করা। এই ক্লাস্টারটি 'নাবার্ড'এর মাধ্যমে অর্থায়িত হবে।

□রাজ্যের সরকারি স্কুলের শিক্ষার্থীদের কর্মক্ষমতা মূল্যায়নের জন্য, 'গুণোৎসব-২০২৫'এর প্রথম ধাপ চালু করল অসম সরকার, যার অধীনে রাজ্যের ১১টি জেলার ১৬,০০০ সরকারি স্কুলের ১৪ লাখ শিক্ষার্থীর কর্মক্ষমতা মূল্যায়ন করা হবে। এই উদ্যোগটি রাজ্যের সব সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়কে অন্তর্ভুক্ত করবে। মুখ্যমন্ত্রী, বিধায়ক, মুখ্য সচিব, কলেজ শিক্ষক ও সরকারি কর্মকর্তাদের মতো বহিরাগত মূল্যায়নকারীরা মূল্যায়ন প্রক্রিয়ার জন্য স্কুল পরিদর্শন করবেন। ৯ জানুয়ারি পর্যন্ত চলেছে এই কর্মসূচি। প্রসঙ্গত উল্লেখ্য, এই উদ্যোগের দ্বিতীয় ধাপ ও তৃতীয় ধাপ চলেছে যথাক্রমে ১৭ থেকে ২২ জানুয়ারি ও ৫ থেকে ৮ ফেব্রুয়ারি।


### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৬ পাতার পর

৭ জানুয়ারি :তৃতীয়বারের মতো, ঘানার প্রেসিডেন্ট হিসাবে শপথ নিলেন জন মাহামা।

□ সর্বসম্মতি ক্রমে, 'অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন বাহাদুর সিং সাগু।

□ 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'র ১১ তম চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভি.নারায়ণন। সেইসঙ্গে, মহাকাশ বিভাগের সচিব হিসাবেও নিযুক্ত হলেন তিনি।

□ তপশিলি উপজাতি শিক্ষার্থীদের মধ্যে শিক্ষার প্রচারের জন্য 'শহীদ মাধো সিং হাত খরচা' প্রকল্প চালু করল ওড়িশা সরকার। এই প্রকল্পের লক্ষ্য হল, নবম ও একাদশ শ্রেণিতে ভরতি হওয়া তপশিলি উপজাতি শিক্ষার্থীদের এককালীন ৫,০০০ আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে স্কুলছুটের হার কমানো। এই প্রকল্পটি শুধুমাত্র সেইসব তপশিলি উপজাতির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য, যাঁদের বার্ষিক পারিবারিক আয় ২,৫০,০০০ টাকার বেশি নয়। রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে পড়া তপশিলি উপজাতি শিক্ষার্থীদের জন্য উপলব্ধ এটি।

□ বন দখল, অবৈধ গাছ কাটা, চোরাশিকার ও বনাঞ্চলে অননুমোদিত প্রবেশ রোধ করতে, 'গরুদক্ষী' নামে অনলাইন এফআইআর সিস্টেম চালু করল কর্ণাটকের বন বিভাগ। এটি বন্যপ্রাণী ও বন সংক্রান্ত অপরাধ দমনের জন্য অনলাইন এফআইআর সিস্টেমের আদলে তৈরি একটি সফটওয়্যার। 'গরুদক্ষী' এফআইআর সিস্টেমে মোবাইল ফোন বা, ই-মেলের মাধ্যমে বন সংক্রান্ত অপরাধ সম্পর্কে অভিযোগ জানাতে পারবেন জনসাধারণ। এটি কর্ণাটকের বেঙ্গালউরু আরবান, ভদ্রাবতী, সিরসি ও মালে মহাদেশ্বর বন্যপ্রাণী অভয়ারণ্য বিভাগে পাইলট ভিত্তিতে বাস্তবায়িত হবে। 'ওয়াইল্ডলাইফ ট্রাস্ট অফ ইন্ডিয়া'র সহযোগিতায় এই সিস্টেমটি তৈরি করা হয়েছে।

□ ভারতে প্রাথমিক পর্যায়ে হাঁপানি পরীক্ষা করার লক্ষ্যে, 'CipAir' নামে একটি মোবাইল অ্যাপ্লিকেশন চালু করল ফার্মাসিউটিক্যাল কোম্পানি 'সিপলা'। এই অ্যাপের মাধ্যমে ব্যবহারকারীরা তাদের স্মার্টফোনের স্ক্রিনে প্রদর্শিত ভার্চুয়াল মোমবাতি নিভানোর চেষ্টা করবেন তিনটি শ্বাস-প্রশ্বাস ত্যাগ করার মাধ্যমে। অ্যাপটি পরীক্ষার গুণমান সম্পর্কে রিয়েল-টাইম প্রতিক্রিয়া প্রদান করে ও তিনটি বিভাগে এই পরীক্ষার ফলাফল প্রকাশ করে। তিনটি ভাগ হল : লাল (যার অর্থ হল, হাঁপানির সম্ভাবনা বেশি ও চিকিৎসকের কাছে যাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে), হলুদ (যার অর্থ হল, হাঁপানির সম্ভাবনা মাঝারি মানের ও ফলো-আপের পরামর্শ দেওয়া হচ্ছে) ও সবুজ (যার অর্থ হল, হাঁপানির সম্ভাবনা কম ও তাৎক্ষণিক পদক্ষেপের প্রয়োজন নেই)।

৮ জানুয়ারি :জম্মু ও কাশ্মীরে রেল যোগাযোগ বাড়ানোর জন্য, 'আঞ্জি খাদ সেতু'তে একটি টাওয়ার ওয়াগনের পরীক্ষামূলক অভিযান সফলভাবে সম্পন্ন করল ভারতীয় রেল। এটি জম্মু ও কাশ্মীরের রেয়াসি জেলায় অবস্থিত ভারতের প্রথম কেবল-স্টেইড রেল সেতু। এটি 'উধমপুর-শ্রীনগর-বারামুল্লা রেল লিঙ্ক' প্রকল্পের অংশ। এই সেতুটির মোট দৈর্ঘ্য ৪৭৩.২৫ মিটার, যেখানে নদীর তলদেশ থেকে ৩৩১ মিটার ওপরে একটি একক তোরণ রয়েছে। এই সেতুটির ওপর দিয়ে ১০০ কিলোমিটার গতিবেগে ছুটতে পারবে ট্রেন। মনে করা হচ্ছে, এই রুটে 'বন্দে ভারত এক্সপ্রেস'ও ছুটতে পারবে।

□ দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ড.মনমোহন সিং'এর নামে, রাজ্যের বিখ্যাত প্রতিষ্ঠান 'হিমাচল প্রদেশ ইনস্টিটিউট অফ পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন'এর নাম রাখার সিদ্ধান্ত নিল হিমাচল প্রদেশ সরকার। এখন থেকে এই প্রতিষ্ঠানটির নাম হবে 'ড.মনমোহন সিং ইনস্টিটিউট অফ পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশন'। সিমলায়, মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু'র সভাপতিত্বে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## সমবায় ব্যাঙ্কে ১১

১ পাতার পর

ম্যানেজার পদে ১১ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ। নেওয়া হবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** : অ্যাকাউন্ট্যান্সি বিষয়ের অনার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটারের অন্তত এক বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শুরুতে মাইনে : ৫৩,৫৩৫ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে ঝাড়গ্রাম কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**অ্যাকাউন্ট্যান্ট** : বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটারে কাজ চালানোর মতো বেসিক জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। শুরুতে মাইনে : ২৫,৯৩০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে বিধাননগর হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার** : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের বেসিক জ্ঞান থাকতে হবে। শুরুতে মাইনে : ২০,০৩৭ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে উত্তর ২৪ পরগনা কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**অফিসার গ্রুপ-বি (গ্রেড-বি ।।)** : বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটারে কাজ চালানোর মতো বেসিক জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। ফিনান্সিয়াল-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। শুরুতে মাইনে : ৪২,১৯৩ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে বালিটিকুরি কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

**ম্যানেজার** : বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটারে কাজ চালানোর মতো বেসিক জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। শুরুতে মাইনে : ২০,৩৩৫ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জলপাইগুড়ি হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

**স্কেল -।** : বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা কম্পিউটারের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কোনো সংস্থায় অ্যাকাউন্টিংয়ের কাজে অন্তত এক বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। শুরুতে মাইনে : ৭১,৫৭৮ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে জলপাইগুড়ি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

**ম্যানেজার (অ্যাকাউন্টস)** : বি.কম. অনার্স গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বেসিক কম্পিউটার কোর্স পাশ হতে হবে। সি.এ., সি.এম.এ., সি.এস. সংক্রান্ত বিষয়ের ইন্টারমিডিয়েট কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ৫৯,৭২৭ টাকা। শূন্যপদ :১টি (জেনাঃ)। চাকরি হবে মালদহ কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

**ডেপুটি ম্যানেজার** : এম.বি.এ., এম.সি.এ. কোর্স পাশরা কম্পিউটারে কাজ চালানোর মতো বেসিক জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। শুরুতে মাইনে : ৪২,৩৭১ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১)। চাকরি হবে সামন্ত কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রেই মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, সমতুল যোগ্যতায় প্রথম / দ্বিতীয় ভাষা হিসাবে বাংলা বিষয় থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং 03/2025.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে, কলকাতায়। দু'টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে ২ ঘন্টার ৮৫ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : বাংলা, ইংরিজি, অঙ্ক, জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ক্ল্যারিক্যাল অ্যাপ্টিটিউড। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। দ্বিতীয় পেপারে ৫০ নম্বরের ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা বিষয়ে। সফল হলে ইন্টারভিউ আর কম্পিউটার টেস্ট। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে ৬ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webcsc.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৬৫০ (তপশিলী হলে ২৫০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে, তা যত্ন করে রেখে দিতে হবে।

## ১৩৭ ট্রেনি ইঞ্জিনিয়ার

১ পাতার পর

ইনোভেশন সেন্টার ও সেন্টার অফ এক্সেলেন্স-এ কাজের জন্য 'ট্রেনি ইঞ্জিনিয়ার' ও 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার' পদে ১৩৭ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেনি ইঞ্জিনিয়ার-।** : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা ৫৫% নম্বর (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ ৩ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা। শূন্যপদ : ৬৭টি। এর মধ্যে ইলেক্ট্রনিক্সে ৪২টি, মেকানিক্যালে ২০টি, কম্পিউটার সায়েন্সে ৫টি।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-।** : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স বা, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ৫৫% নম্বর (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ ৪ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা, তৃতীয় বছর ৫০,০০০ টাকা ও চতুর্থ বছরে ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ৭০টি। এর মধ্যে ইলেক্ট্রনিক্সে ৪৩টি, মেকানিক্যাল ১৮, কম্পিউটার সায়েন্সে ৮টি, মেকাট্রনিক্স -১টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২৫'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 6050/TE-1&PE-1/HR/PDIC/2024-25, Date: 05-02-2025.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ট্রেনি ইঞ্জিনিয়ার পদের বেলায় ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় ৮৫ নম্বরের লিখিত পরীক্ষা হবে। সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। চাকরি হবে চুক্তিতে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.bel-india.in আগ্রহী প্রার্থীদের প্রথমে পরীক্ষা ফী বাবদ ট্রেনি ইঞ্জিনিয়ার পদের বেলায় ১৫০ টাকা আর প্রোজেক্ট ইঞ্জিনিয়ার পদের বেলায় ৪০০ টাকা এস.বি.আই. কালেক্টে (www.onlinesbi.com) জমা দেবেন (জি.এস.টি. চার্জ অতিরিক্ত দিতে হবে)। তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর পেমেন্ট রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। এবার দরখাস্তের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে : www.bel-india.in ওই ফর্ম পূরণ করে ২০ ফেব্রুয়ারির মধ্যে ডাকে পাঠাতে হবে। তখন সঙ্গে দেবেন পাশপোর্ট মাপের ফটো, বয়স, শিক্ষাগত যোগ্যতা -সহ অন্যান্য প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Trainee Engineer-I (Job Code No. : TE0101) / Project Engingeer -I (Job Code No. : PE0101)'. দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায়: The Deputy Manager (HR), Product Development & Innovation Centre (PDIC), Bharat Electronics Ltd, Porf. U.R Rao Road, Near Nagaland Circle, Jalahalli Post, Bengaluru-560013, Karnataka.

## সুপ্রিম কোর্টে ২৪১

১ পাতার পর

মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ - ৫০ নম্বরের, (২) জেনারেল অ্যাপ্টিটিউড -২৫ নম্বরের, (৩) জেনারেল নলেজ - ২৫ নম্বরের। সময় থাকবে ২ ঘন্টা। এরপর কম্পিউটার নলেজ টেস্টের ওপর ২৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তর দিলে ১ নম্বর কাটা হবে। এরপর হবে ১০ মিনিটের কম্পিউটার টাইপিং টেস্ট। তাতে সফল হলে কমপ্রিহেনশন প্যাসেজ, প্রেসি লেখা ও প্রবন্ধ লেখার ওপর ২ ঘন্টার ডেসক্রিপ্টিভ টাইপের ইংলিশ ল্যাঙ্গোয়েজ টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.sci.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে।

## চাকরির টুকরো খবরাখবর

### স্টাফ সিলেকশনের জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ফল বেরোল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৪ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

### আই.বি.পি.এস.'এর ফল বেরোল

আই.বি.পি.এস.'এর স্পেশালিস্ট অফিসার পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.ibps.nic.in

### দিল্লি পুলিশের সাব ইন্সপেক্টর পদের ফল বেরোল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৪ সালের দিল্লি পুলিশের সাব-ইন্সপেক্টর ও সি.এ.পি.এফ. পদের প্রথম পেপারে সফলদের যে ফিজিক্যাল এন্ডিওরেন্স টেস্ট হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের এরপর দ্বিতীয় পত্রের পরীক্ষা হবে।

### কেন্দ্রীয় সংস্থায় চাকরি

ন্যাশনাল ক্যাপিটাল রিজিওন্যাল প্ল্যানিং বোর্ড স্টেনোগ্রাফার গ্রেড-সি, স্টেনোগ্রাফার গ্রেড-ডি ও মাল্টি টাস্কিং স্টাফ পদে কিছু লোক নিচ্ছে। দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : https://ncrpb.nic.in

### বেনফিসে চাকরি

বেনফিস অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্ট্যান্ট ও জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে কিছু লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.benfish.co.in

### মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 6/2023-এর সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল), অ্যাকাউন্ট্যান্ট, ক্যাশিয়ার, স্যানিটারি ইন্সপেক্টর পদের পার্সোন্যালিটি টেস্ট হবে ১৩ ফেব্রুয়ারি। বিজ্ঞপ্তি নং 6/2023-এর স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট, ক্লার্ক, ওয়ার্ক সরকার পদের ইন্টারভিউ হবে ১৫ ফেব্রুয়ারি। কল লেটার ডাউনলোড করতে পারবেন ১০ ফেব্রুয়ারি থেকে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

### পি.এস.সি.'র ইন্টারভিউ

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 05(2)/2020-এর স্টোরকীপার (টেকনিক্যাল) পদের ইন্টারভিউ হবে ২৪, ২৫, ২৭ ফেব্রুয়ারি।

## কলেজ সার্ভিসের

■ *পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের যে 'সেট' পরীক্ষা গত বছর ১৫ ডিসেম্বরে হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? — সবিতা দাস, জগদীশপুর, হাওড়া।*

■■ হ্যাঁ, ফল বেরিয়েছে। সফল হয়েছেন ৩,২৫২ জন প্রার্থী।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের ২০২৪ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল) পদের চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — অজয় দেবনাথ, পান্ডুয়া, হুগলি।*

■■ স্টাফ সিলেকশন কমিশনের ২০২৪ সালের জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল) পদের চূড়ান্ত ফল বেরিয়েছে। প্রথম পত্রের পরীক্ষা হয়েছিল গত বছর ২০ আগস্ট। দ্বিতীয় পত্রের পরীক্ষা হয়েছিল গত বছর ৬ নভেম্বর। চূড়ান্ত সফল হয়েছেন ১,৭০১ জন প্রার্থী। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম শ্রেণির পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর বেরোবে? এই পরীক্ষার সিলেবাস জানাবেন। — সুজন সরকার, তুফানগঞ্জ, নিউটাউন।*

■■ হ্যাঁ, বিজ্ঞপ্তি বেরোবে। তবে কবে বেরোবে তা এখনো ঠিক হয়নি। পরীক্ষার সিলেবাস এখনো স্কুল সার্ভিস কমিশন ঘোষণা করেনি।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১,১৩০ | ১৮-৩-২৫ | https.gailonline.com |
| PSC-র মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | গ্র্যাজুয়েট | - | - | www.pscwbapplication.in |
| সমবায় ব্যাঙ্কে ক্লার্ক, ক্যাশিয়ার অফিসার, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৮৫ | ২২-২-২৫ | www.webcsc.org |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক | ৫৮,২৪২ | ২২-২-২৫ | রেল বোর্ডের ওয়েবসাইট |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| DSSSB-এর মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা | পোস্ট-গ্র্যাজুয়েট | ৪৩২ | ১৪-২-২৫ | https://dsssbonline.nic.in |
| সমবায় ব্যাঙ্কে ক্লার্ক, অফিস অ্যাসিস্ট্যান্ট, সুপারভাইজর | গ্র্যাজুয়েট, উচ্চমাধ্যমিক | ৯৪ | ১-৩-২৫ | www.webcsc.org |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষিক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| হোটেল ম্যানেজমেন্টের সরকারি কোর্সে ভরতি | উচ্চ মাধ্যমিক | ১২,৬৩৫ | ১৫-২-২৫ | www.nchmjee.nta.nic.in |
| ভারত ইলেক্ট্রনিক্সে প্রবেশনারি ইঞ্জিনিয়ার | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ৪৩২ | ১৪-২-২৫ | www.bel-india.in |
| ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে MTS, এক্সিঃ | মাধ্যমিক | ৬৩৯ | ১৬-২-২৫ | https://dfccil.com |
| হিন্দুস্তান পেট্রোলিয়ামে জুনিয়র এক্সিকিউটিভ | ডিপ্লোমা | ২৩৪ | ১৪-২-২৫ | www.hindustanpetroleum.com |
| কোল ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪৩৪ | ১৪-২-২৫ | www.coalindia.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার | মাধ্যমিক, আই.টি.আই. | ৪১১ | ২৫-২-২৫ | www.marvels.bro.gov.in |
| CISF.এ ড্রাইভার, অপারেটর | মাধ্যমিক | ১,১২৪ | ৪-৩-২৫ | https://cisfrectt.cisf.gov.in |
| কোস্ট গার্ডে নাবিক | মাধ্যমিক, HS | ৩০০ | ২৫-২-২৫ | https://joinindiancoastguard.cdac.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, আই.টি.আই. | ৪৫৬ | ১৩-২-২৫ | https://apprenticeshipindia.gov.in |
| কলকাতা হাই কোর্টে ক্লার্ক, স্টেনোগ্রাফার, গ্রুপ-ডি | এইট পাশ, মাধ্যমিক | ২৮ | ১৬-২-২৫ | www.calcuttahighcourt.gov.in |
| সেন্ট্রাল ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১,০০০ | ২০-২-২৫ | www.centralbankofindia.co.in |
| ন্যাশনাল হাইওয়ে অথরিটিতে ডেপুটি ম্যানেজার | গেট -পাশ | ৬০ | ২৪-২-২৫ | www.nhai.gov.in |
| ইতার্সি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৪০ | ২২-২-২৫ | https://munitionsindia.in |
| ইতার্সি অর্ডন্যান্স ফ্যাক্টরিতে কেমিক্যাল প্রসেস ওয়ার্কার | আই.টি.আই. | ৮৭ | ২২-২-২৫ | https://munitionsindia.in |
| পূর্ব মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১,১৫৪ | ১৪-২-২৫ | www.rrcecr.gov.in |
| উত্তর-পূর্ব রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১,১০৪ | ২৩-২-২৫ | www.ner.indianrailways.gov.in |

## রেলে চাকরির

■ *রেলে আর.পি.এফ.'এর কনস্টেবল পদের জন্য কলকাতা কেন্দ্রে দরখাস্ত করেছিলাম। পরীক্ষা কি কলকাতাতেই হবে? — সায়নকুমার সামন্ত, বাগনান, হাওড়া।*

■■ হ্যাঁ, কলকাতা কেন্দ্রেই পরীক্ষা দিতে পারবেন।

■ *রেলের আর.পি.এফ.'এর কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা কবে হবে? কনস্টেবল পদের পরীক্ষায় কী কী বিষয়ের প্রশ্ন হবে? — অমিত দাস, বেলিয়াডাঙ্গা, চাকদহ, নদিয়া। অপূর্ব মাহাতো, কোন্নগর, হুগলি। নূপুর মাইতি, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ কলকাতা, শিলিগুড়ি, মালদহ, গুয়াহাটি, পটনা-সহ রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলের ১৭টি জোনে ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলওয়ে প্রোটেকশন ফোর্স ও রেলওয়ে প্রোটেকশন স্পেশাল ফোর্সে (মেট্রো রেল-সহ) 'কনস্টেবল' (বিজ্ঞপ্তি নং ০২/২০২৪) পদে ৪,২০৮ টি শূন্যপদের জন্য কম্পিউটার বেসড টেস্ট হবে ২ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত, কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট, তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। লিখিত পরীক্ষায় ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি প্রশ্ন, (২) অ্যারিথমেটিক -৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ৯০ মিনিট। প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা-সহ অন্যান্য ভাষায়। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় জেনারেল, ও.বি.সি. প্রার্থীরা ৪২ নম্বর আর তপশিলীরা ৩৬ নম্বর পেলে সফল হবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। রেলের আর.পি.এফ.'এর সাব-ইন্সপেক্টর পদের পরীক্ষা হয়ে গেছে।

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

*এইবিভাগে উত্তর পেতে হলে* E-mail *করুন এইনম্বরে :* karmajiggasa@gmail.com *ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।*

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি.'র ২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ফল কবে বেরোবে? মেনস পরীক্ষা কবে হবে? — শঙ্কর সাহা, পতিরাম, দক্ষিণ দিনাজপুর।*

■■ মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার ফল বেরোবে ফেব্রুয়ারি-মার্চ মাস নাগাদ। মেনস পরীক্ষা হবে ১৮ মে।

■ *পি.এস.সি. ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? — শঙ্কর বেড়া, উত্তরদিহী, মুকুন্দপুর, পূর্ব মেদিনীপুর।*

■■ ২০২৩ সালের ক্লার্কশিপ প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে মার্চ-এপ্রিল মাস নাগাদ। পার্ট-।। পরীক্ষা হবে ১৫ জুন। ২০২৩ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার ফল বেরোবে মার্চ মাস নাগাদ। মেনস পরীক্ষা হবে ১৮ মে।

■ *পি.এস.সি.'র ফুডের সাব-ইন্সপেক্টর পদের জন্য সরকারি কর্মচারীরা বয়সে ছাড় পাবে কি? — মৃণাল সরকার, শহরপুর, জুগবেড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ না, বয়সে ছাড় পাবে না।

■ *মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — আহিন কুমার প্রধান, কালনা, পূর্ব বর্ধমান।*

■■ মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল) (বিজ্ঞপ্তি নং ১৭/২০২৪) পদের পরীক্ষা হবে ৯ নভেম্বর। সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছে। কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা পরে জানানো হবে। মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেকনিক্যাল) (বিজ্ঞপ্তি নং ১৮/২০২৪) পদের পরীক্ষা হবে ১৬ নভেম্বর। সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি বেরিয়েছে। কবে থেকে দরখাস্ত নেওয়া হবে তা পরে জানানো হবে। দরখাস্ত নেওয়া শুরু হলে তখন বিস্তারিত তথ্য 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ওয়ার্ডার ও ফিমেল ওয়ার্ডার পদের পরীক্ষা কি হয়ে গেছে? না হলে কবে হতে পারে? — বুদ্ধদেব পাল, জয়পুর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পরীক্ষা এখনো হয়নি।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর ও কনস্টেবল পদের কোনো বিজ্ঞপ্তি এখন বেরোবে কি? — শুভম প্রামাণিক, ইংরেজবাজার, মালদহ।*

■■ আপাতত কোনো খবর নেই। তবে যেসব পরীক্ষাগুলি হয়নি, সেগুলি আগে নেওয়া হবে।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| SSC-CAPFs এর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের রাইফেলম্যান পরীক্ষা | ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২৪, ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ | www.ssc.gov.in |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| কলকাতা পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষা | ১৮-৫-২০২৫ | www.wbpolice.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পদের প্রিলিমিনারি পরীক্ষা | ৮ জুন, ২০২৫ | www.upsc.gov.in |
| UPSC-এর কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস (CDA) (I) পরীক্ষা | ১৩ এপ্রিল, ২০২৫ | www.upsc.gov.in |
| UPSC-এর ন্যাশনাল ডিফেন্স সার্ভিস (NDA) (I) পরীক্ষা | ১৩ এপ্রিল, ২০২৫ | www.upsc.gov.in |
| CSIR-UGC-NET- পরীক্ষা | ১৬-২৮ ফেব্রুয়ারি, ২০২৫ | www.nta.ac.in |
| PSC-Clerkship-23 পার্ট-।। পরীক্ষা | ১৫ জুন, ২০২৫ | www.wbpsc.gov.in |
| স্টেট ব্যাঙ্কের (জুনিয়র অ্যাসোসিয়েটস) ক্লার্ক পদের পরীক্ষা | ২২, ২৭, ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ | https://bank.sbi/careers |
| PSC-Clerkship-24 পার্ট-। পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৩ মেনস পরীক্ষা | ১৮ মে ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |

# RRB Exam

# আর.পি.এফ. (কনস্টেবল)

রেলওয়ে প্রোটেকশন ফোর্সে ও রেলওয়ে প্রোটেকশন স্পেশাল ফোর্সে 'কনস্টেবল' পদে ৪,২০৮ জন ছেলেমেয়ে নেওয়া হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে কম্পিউটার বেসড টেস্ট হবে। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরিক মাপজোখের পরীক্ষা হবে। এই পরীক্ষায় ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫টি, (খ) অ্যারিথমেটিক্স - ৩৫টি, (গ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০টি। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৭৫টি প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করা হল।

## আর.পি.এফ কনস্টেবল

1. বাৎসরিক 5% হারে 3 বছরে 8,000 টাকার চক্রবৃদ্ধি সুদের পরিমাণ (টাকায়) কত হবে?

(A) 1261 (B) 1200 (C) 1161 (D) 1100

2. 140 মিটার ও 160 মিটার লম্বা দু'টি ট্রেন যথাক্রমে ঘণ্টায় 35 কিলোমিটার ও 17 কিলোমিটার বেগে যদি একই দিকে ধাবমান হয়, তবে একে অন্যকে অতিক্রম করতে কত সময় (সেকেন্ড) নেবে?

(A) 60 (B) 70 (C) 80 (D) 90

3. কোনো এক বছরের প্রথম পাঁচ মাস কোনো একজন লোকের প্রতিমাসে গড়ে 1250 টাকা ও পরের 7 মাস গড়ে প্রতিমাসে 1350 টাকা খরচ হয়। লোকটির প্রতিমাসে গড়ে কত টাকা উপার্জন হলে বছরের শেষে তাঁর 2300 টাকা সঞ্চয় হবে?

(A) 1545 (B) 1650 (C) 1675 (D) 1500

4. একজন লোক ঘণ্টায় 10 কিলোমিটার বেগে A থেকে B তে গেল ও ঘণ্টায় 6 কিলোমিটার বেগে B থেকে A তে ফিরল। এই ভ্রমণের জন্য লোকটির গড় গতির পরিমাণ (কিলোমিটার/ঘণ্টা) কত হল?

(A) 8 (B) 7 (C) 7.5 (D) 8.5

5. প্রথম 8টি বিজোড় মৌলিক সংখ্যার গড় কত?

(A) 12.5 (B) 12.25 (C) 9.625 (D) 9.5

6. যদি $x : y = 2 : 3$; $y : z = 4 : 5$ হয় তবে $5x : 3z$ এর মান কত?

(A) 8 : 9 (B) 5 : 8 (C) 7 : 9 (D) 6 : 7

7. যদি কোনো দু'টি সংখ্যার যোগফলের 30% তাদের বিয়োগফলের 40% এর সমান হয়, তবে বড় সংখ্যা ও ছোটো সংখ্যার অনুপাত কত হবে?

(A) 4 : 3 (B) 5 : 2 (C) 7 : 1 (D) 7 : 2

8. পুত্র ও পিতার বয়সের অনুপাত 1 : 4। 9 বছর পরে যদি ওই অনুপাত 2 : 5 হয়, তবে পুত্রের বর্তমান বয়স কত হবে (বছর)?

(A) 8 (B) 9 (C) 10 (D) 12

9. কিছু টাকা ব্যাঙ্কে সরল সুদে রাখা হয়, যা 4 বছরের সুদে-আসলে 1240 টাকা হল ও 10 বছরে সুদে-আসলে 1600 টাকা হল। আসল নির্ণয় করুন।

(A) 1,000 টাকা (B) 800 টাকা
(C) 1,050 টাকা (D) 1,100 টাকা

10. একটি কাজ A 10 দিনে করতে পারে, B ওই কাজটি 20 দিনে করতে পারে, A ও B, C-কে সঙ্গে নিয়ে ওই কাজটি 5 দিনে শেষ করে। ওই কাজটি C- এর একা করতে কত দিন লাগবে?

(A) 10 দিন (B) 15 দিন (C) 20 দিন (D) 5 দিন

11. টাকা প্রতি লিটার মূল্যের সোডার সঙ্গে কী অনুপাতে জল মেশালে মিশ্রণটি 13.75 টাকা/লিটার মূল্যে বিক্রি করার পরও 25% লাভ থাকবে?

(A) 10 : 1 (B) 11 : 1 (C) 1 : 11 (D) 12 : 1

12. $x^2 + \frac{1}{x^2+1} - 3$-এর সর্বনিম্ন মান কত?

(A) –3 (B) –2 (C) 0 (D) –1

13. A ও B স্থান পরস্পরের থেকে 90 কিলোমিটার দূরে অবস্থিত। একটি গাড়ি A স্থান থেকে ও অন্য একটি গাড়ি B স্থান থেকে একই সময়ে যাত্রা শুরু করল ও তারা 9 ঘণ্টা পরে পরস্পরের সঙ্গে মিলিত হয় যদি তারা একই দিকে যাত্রা করে ও তারা $\frac{9}{7}$ ঘণ্টা পরে মিলিত হয়, যদি তারা পরস্পরের বিপরীত দিকে যাত্রা করে তাহলে প্রথম ও দ্বিতীয় গাড়ির গতিবেগ কত? (কিলোমিটার/ঘণ্টায়)

(A) 40, 30 (B) 35, 65 (C) 25, 45 (D) 20, 50

14. A ও B বন্দর পরস্পর থেকে 300 কিলোমিটার দূরত্বে অবস্থিত। A থেকে দু'টি নৌকা 8 ঘণ্টা সময়ের পার্থক্যে B-এর উদ্দেশ্যে রওনা হল ও দু'টি নৌকা একসঙ্গে B বন্দরে পৌঁছল। যদি একটি নৌকার গতিবেগ অন্যটির থেকে 10 কিলোমিটার/ঘণ্টা বেশি হয়, তবে কম গতিবেগ যুক্ত নৌকাটি কত সময়ে B বন্দরে পৌঁছাবে?

(A) 25 ঘণ্টা (B) 15 ঘণ্টা (C) 10 ঘণ্টা (D) 20 ঘণ্টা

15. একটি ট্যাঙ্কে দু'টি পাইপ আছে। B পাইপের ক্ষমতা A পাইপের থেকে 80% বেশি। যদি দু'টি পাইপ খোলা থাকে তাহলে 45 ঘণ্টায় ট্যাঙ্কটি পুরোপুরি পূর্ণ হয়, তাহলে B পাইপটি শুধুমাত্র খোলা থাকলে ট্যাঙ্কটি কত ঘণ্টায় পুরোপুরি পূর্ণ হবে?

(A) 72 (B) 48 (C) 66 (D) 70

16. একজন অসৎ ফল বিক্রেতা 5% ক্ষতিতে তার সব ফল বিক্রি করেন। যদি তিনি 1 কেজির বদলে 850 গ্রাম দেন, তবে তার লাভের শতকরা হার কত?

(A) $11\frac{13}{17}$% (B) $11\frac{12}{17}$% (C) 11.5% (D) 12%

17. যদি 7550 টাকা 8 বছরে সুদে আসলে 10570 টাকা হয়, তবে একই সুদের হারে 10550 টাকা কত বছরে সুদে আসলে 16880 টাকা হবে?

(A) 10 বছর (B) 14 বছর (C) 12 বছর (D) 20 বছর

18. দু'টি পাত্রে জল ও দুধের অনুপাত 3 : 1 ও 4 : 1. যদি এই দু'টি পাত্রের পুরো মিশ্রণকে একটি বড় পাত্রে ঢালা হয়, তবে সেটিতে দুধ ও জলের অনুপাত কত হবে?

(A) 31 : 9 (B) 17 : 7 (C) 9 : 31 (D) 7 : 17

19. একটি পরীক্ষায় পরীক্ষার্থীদের মোট নম্বরের মধ্যে 276 নম্বর পেতে হয় পাশ করার জন্য। একজন পরীক্ষার্থী 202 নম্বর পেল আর 10% নম্বরের জন্য ফেল করল। পরীক্ষার্থীর মোট নম্বর কত ছিল?

(A) 830 (B) 740 (C) 840 (D) 780

20. একটি কাজ A 10 দিনে, B 12 দিনে আর C 15 দিনে করতে পারে। তারা একসঙ্গে কাজ শুরু করার 2 দিন পরে A ও কাজ শেষ হওয়ার 4 দিন আগে C চলে যায়। কাজটি শেষ করতে কতদিন লেগেছিল?

(A) $\frac{64}{9}$ (B) $\frac{66}{9}$ (C) $\frac{64}{5}$ (D) $\frac{66}{7}$

21. ভারতীয় নাগরিকদের মৌলিক দায়িত্বের সংজ্ঞা সংবিধানের কোন ধারায় আছে?

(A) 47A (B) 45 (C) 48A (D) 51A

22. *'মহাস্থবির জাতক'*এর রচয়িতা কে?

(A) বুদ্ধদেব বসু (B) প্রেমাঙ্কুর আতর্থী (C) সতীনাথ ভাদুড়ি (D) পরশুরাম

23. তানসেনের আসল নাম কী ছিল?

(A) মকরন্দ পাণ্ডে (B) রামতনু পাণ্ডে (C) লাল কলবন্ত (D) বাজ বাহাদুর

24. 1946 সালে সংবিধান সভার প্রথম সভাপতি কে ছিলেন?

(A) লর্ড মাউন্টব্যাটেন (B) জওহরলাল নেহেরু
(C) ড. বি. আর. আম্বেদকর (D) রাজেন্দ্র প্রসাদ

25. 0°C তাপমাত্রার 1 গ্রাম বরফকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করতে কত তাপ লাগে?

(A) 100 ক্যালরি (B) 0.01 কিলোক্যালরি
(C) 716 ক্যালরি (D) 1 কিলোক্যালরি

26. *'বুদ্ধচরিত'*কার রচনা?

(A) বাণভট্ট (B) অশ্বঘোষ (C) শূদ্রক (D) কলহন

27. সিন্ধু সভ্যতা কোন যুগের অর্ন্তভুক্ত ছিল?

(A) তাম্র যুগ (B) লৌহ যুগ
(C) সুবর্ণ যুগ (D) কোনোটিই সঠিক নয়

28. 'তেজস্ক্রিয়তা' কোন বিজ্ঞানী আবিষ্কার করেন?

(A) বেকারেল (B) মাদাম কুরি
(C) রাদারফোর্ড (D) চ্যাডউইক

29. *'এলাহবাদ প্রশস্তি'*কার লেখা?

(A) বাণভট্ট (B) হরিসেন
(C) সন্ধ্যাকর নন্দী (D) কলহন

30. নীচের শহরগুলির কোনটিতে আণবিক তাপবিদ্যুৎ কেন্দ্র রয়েছে?

(A) রঘুনাথপুরম (B) সালেম
(C) তাঞ্জাভুর (D) কালপক্কম

31. 'হিন্দু-পাদ-পাদশাহী'র আদর্শ কে প্রচার করেন?

(A) শিবাজী (B) বালাজী বিশ্বনাথ (C) প্রথম বাজীরাও (D) রঘুনাথ রাও

32. কার্বলিক অ্যাসিডের রাসায়নিক নাম কী?

(A) ফেনল (B) বেঞ্জিন
(C) জাইলিনল (D) রেসর্সিনল

33. 'গ্রানা' ও 'স্ট্রোমা' এই দু'টির সমন্বয়ে তৈরি হয় —

(A) ডিকটিওসোম (B) রাইবোজোম (C) প্লাস্টিড (D) মাইটোকনড্রিয়া

34. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও সেলসিয়াস স্কেলে মান একই হয়?

(A) –173°C (B) –40°C
(C) 40°C (D) 273°C

35. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ স্থান কোনটি?

(A) ফালুট (B) সান্দাকফু
(C) টংলু (D) টাইগার হিল

36. 'কুতুব মিনার'এর নির্মাণ কাজ কে শেষ করেন?

(A) বলবন (B) রাজিবা (C) ইলতুৎমিস (D) কুতুব-উদ-দীন আইবক

37. দিল্লির কোন সুলতান প্রথম 'জিজিয়া কর' প্রবর্তন করেন?

(A) আলা-উদ-দীন খিলজী (B) মহম্মদ বিন তুঘলক
(C) ফিরোজ তুঘলক (D) ইলতুৎমিস

38. 'শ্রেণীবিন্যাসের জনক' কাকে বলা হয়?

(A) বেন্থাম হুকার (B) ক্যারোলাস লিনিয়াস (C) হাচিনসন (D) তাখতাজান

39. ভারতীয় সংবিধানের কোন ধারায় পঞ্চায়েতের সংজ্ঞা পাওয়া যায়?

(A) 243 (B) 244 (C) 245 (D) 246

40. 'কবুলিয়ত' ও 'পাট্টা' কে প্রবর্তন করেন?

(A) আকবর (B) বাবর
(C) হুমায়ুন (D) শের শাহ

41. কোন বছরে রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি'র ইংরিজি অনুবাদ প্রথম প্রকাশিত হয়?

(A) 1907 (B) 1912 (C) 1915 (D) 1921

42. 'কালকূট' ছদ্মনামে কে পরিচিত ছিলেন?

(A) রাজশেখর বসু (B) বুদ্ধদেব বসু (C) সমরেশ বসু (D) জয়দেব বসু

43. জার্মান সিলভার কোন কোন ধাতুর সঙ্কর?

(A) তামা, দস্তা, রূপা (B) তামা, রূপা (C) সোনা, রূপা (D) তামা, দস্তা, নিকেল

44. অভ্যন্তরীণ গণ্ডগোল থেকে রাজ্যকে রক্ষা করা কেন্দ্রের দায়িত্ব ভারতীয় সংবিধানের কোন ধারায় উল্লিখিত আছে?

(A) 145 (B) 255 (C) 300 (D) 355

45. 'সুফিয়ানা কলম' এক ধরণের ভক্তিগীতি। এটি ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি গাওয়া হয়?

(A) উত্তর প্রদেশ (B) পঞ্জাব
(C) কাশ্মীর (D) বিহার

46. নীচের কোন রাজস্ব ব্যবস্থার সঙ্গে টোডরমলের নাম যুক্ত?

(A) জাবতি (B) নাসখ (C) কানকুট (D) দহশালা

47. গ্রিক রাজদূত মেগাস্থিনিস কোন রাজার সভায় উপস্থিত হন?

(A) বিন্দুসার (B) অশোক (C) চন্দ্রগুপ্ত মৌর্য (D) মহাপদ্মনন্দ

48. ধাতু নিষ্কাশনে সবথেকে বেশি ব্যবহৃত বিজারক পদার্থ কোনটি?

(A) কাঠকয়লা (B) হাইড্রোজেন (C) ওয়াটার গ্যাস (D) কোক

49. 'সিলি পয়েন্ট' কথাটি নীচের কোন খেলার সঙ্গে যুক্ত?

(A) টেনিস (B) ক্রিকেট (C) ব্রিজ (D) গল্ফ

50. *'ডিভাইন কমেডি'*র রচয়িতা কে?

(A) শেক্সপীয়র (B) গ্যায়টে (C) দান্তে (D) টলস্টয়

51. 'নাথু লা পাস' কোথায় রয়েছে?

(A) কুমায়ুন হিমালয়ে (B) নেপাল হিমালয়ে (C) সিকিম হিমালয়ে (D) ভুটান হিমালয়ে

52. আলোকবর্ষ নীচের কোন রাশির একক?

(A) দূরত্ব (B) আলোর তীব্রতা (C) সময় (D) শক্তি

53. 'সহ্যাদ্রি' পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

(A) মাউন্ট আবু (B) কালসুবাই (C) গুরুশিখর (D) দোদাবেতা

54. পশ্চিমবঙ্গের লালমাটি অঞ্চলের নাম কী?

(A) রাঢ় (B) বরেন্দ্র (C) টাড় (D) ভাবর

55. ধোয়ী কোন রাজার সভাকবি ছিলেন?

(A) লক্ষ্মণ সেন (B) প্রথম দেবপাল (C) শশাঙ্ক (D) বিজয় সেন

56. নীচের কোন ছবিটি Pen, Table ও Stationery'র মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?

(A) 
(B) 
(C) 
(D) 

57. কোনো একটি সাঙ্কেতিক ভাষায় House কে লেখা হয়েছে 68, তাহলে, ওই সাঙ্কেতিক ভাষায় CASTLE কে কী লেখা হবে?

(A) 60 (B) 84 (C) 72 (D) 54

58. AB, DE, GH, JK, ?

(A) PQ (B) RT (C) UW (D) MN

59. সাতটি এরোপ্লেন ছাড়ার জন্য একটি মাত্র রানওয়ে আছে। P ও Q এরোপ্লেন সবার প্রথমে বা, সবার শেষে ছাড়েনি। S এরোপ্লেন R এর পর রানওয়ে ব্যবহার করে। M এরোপ্লেন O' র আগে রানওয়ে ব্যবহার করে। N এরোপ্লেন রানওয়ে ব্যবহার করে O' র পরে কিন্তু R' র আগে। Q এরোপ্লেন R' র ঠিক আগে রানওয়ে ব্যবহার করে। তাহলে, M' র ঠিক পরে রানওয়ে কোন এরোপ্লেন ব্যবহার করে?

(A) Q (B) N (C) P (D) O

60. 2 : 12 : : 5 : ?

(A) 30 (B) 20 (C) 15 (D) 10

61. 8 জন বন্ধু A, B, C, D, E, F, G ও H একটা টেবিলে পরস্পরের দিকে মুখ করে বসে আছে। A বসেছে F' র উল্টোদিকে আর E এর ডানদিকে দ্বিতীয় স্থানে। B ও D পরস্পর উল্টোদিকে বসে। G বসেছে C ও A' র মাঝখানে। তাহলে, E' র উল্টোদিকে কে বসেছে?

(A) F (B) D (C) C (D) B

62. নীচের বিকল্পগুলির মধ্যে কোনটি আলাদা?

(A) H (B) J (C) C (D) F

63. N : D : : W : ?

(A) M (B) N (C) O (D) P

64. 1002 : 9 : : 2023 : ?

(A) 45 (B) 49 (C) 50 (D) 51

65. Sky : Blue : : Milk : ?

(A) Solid (B) Melt (C) White (D) Liquid

66. নীচের সারিটিতে পরবর্তী সংখ্যাটি কত হবে?

11, 36, 86, 186, 386, ?

(A) 780 (B) 782 (C) 786 (D) 790

67. কোনো একটি সাঙ্কেতিক ভাষায়, SINGER মানে লেখা হল TKOIFT. তাহলে, ওই ভাষায় ACTOR- কে কী লেখা হবে?

(A) BDUPS (B) CEVQT (C) BEUQS (D) CEVQT

68. কোনো একটি সাঙ্কেতিক ভাষায়, '–' মানে '×', '÷' মানে '+', '+' মানে '÷' আর '×' মানে '–'. তাহলে নীচের সমীকরণের মান কত হবে?

$16 \times 20 \div 15 - 4 + 2 = ?$

(A) 15 (B) 38 (C) 47 (D) 26

69. নীচের সমীকরণটি ভুল আছে। সমীকরণটিতে কোন দু'টি চিহ্ন বদল করলে সমীকরণটি সঠিক হবে?

কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol. 38 ■ Issue No.7 ■ 15 February, 2025 ■ 11

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। চোখের জলের উৎস কোথায় — ল্যাক্রিমাল গ্রন্থি।

২। ঘড়িতে দম দেওয়ার ফলে প্রকৃতপক্ষে আমরা কোন ধরনের শক্তি সঞ্চয় করি — স্থিতিশক্তি।

৩। 'অলীক বল' কাকে বলে — অপকেন্দ্র বলকে।

৪। গ্রিনহাউস প্রভাবের জন্য কোন গ্যাসটি প্রধান ভূমিকা পালন করে — কার্বন ডাই অক্সাইড (ফর্মুলা $CO_2$)।

৫। অতিবেগুনী রশ্মি কোথা থেকে আসে — সূর্য থেকে।

৬। উদ্ভিদবিজ্ঞানের জনক কে — থিওফ্রাসটাস।

৭। ঠান্ডা জলে দ্রাব্য কিন্তু গরম জলে অদ্রাব্য, এমন একটি গ্যাসের নাম কী — হাইড্রোজেন সালফাইড।

৮। বর্গমিটার অঞ্চল জুড়ে ১৪ নিউটন বল কাজ করছে। চাপের মান কত হবে — ৭ পাস্কাল।

## ইতিহাস

৯। চোল রাজ্যের রাজধানী ছিল কোন শহর — তাঞ্জোর (তাঞ্জাভুর নামেও পরিচিত, যা তামিলনাড়ুতে অবস্থিত)।

১০। তোমর রাজপুতদের মাধ্যমে তৈরি 'কিলা রাই পিথোরা' কোন শহরে অবস্থিত — নয়া দিল্লি।

১১। সিন্ধু সভ্যতার সবথেকে উত্তরের স্থান কোনটি — মান্দা (জম্মু ও কাশ্মীরের জম্মুর কাছে আখনুর অঞ্চলে অবস্থিত)।

১২। ১৮৫৭ সালের বিদ্রোহ কোন তারিখে মিরাট থেকে শুরু হয়েছিল — ১০ মে, ১৮৫৭।

১৩। ভাস্কো দা গামা কতবার ভারতে এসেছিলেন — ৩ বার (১৪৯৮ খ্রিস্টাব্দ, ১৫০১ খ্রিস্টাব্দ ও ১৫২৪ খ্রিস্টাব্দ)।

১৪। 'এলাহবাদ চুক্তি'র পর রবার্ট ক্লাইভ কাকে বাংলার ডেপুটি দেওয়ান হিসাবে নিযুক্ত করেছিলেন — মোহাম্মদ রাজা খান।

১৫। কলকাতার ফোর্ট উইলিয়ামের পূর্ব প্রেসিডেন্সির প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন — স্যার চার্লস আয়ার (ফোর্ট উইলিয়াম ১৬৯৬ সালে প্রতিষ্ঠিত হয় ও ১৭০০ সালে এর নামকরণ করা হয় ফোর্ট উইলিয়াম)।

১৬। বিখ্যাত ইতিহাসবিদ গ্রান্ট ডাফ কাকে 'মারাঠার নেপোলিয়ন' উপাধি দিয়েছিলেন — প্রথম বাজিরাও।

## ভূগোল

১৭। বাইলাডিলার লৌহ আকরিক মূলত কোন বন্দর দিয়ে জাপানে পরিবহণ করা হয় — বিশাখাপত্তনম বন্দর (আন্ধ্রা প্রদেশ)।

১৮। ভারতের ক'টি রাজ্যের উপকূলরেখা আছে — ৯টি (গুজরাত, মহারাষ্ট্র, গোয়া, কর্ণাটক, কেরল, তামিলনাড়ু, আন্ধ্রা প্রদেশ, ওড়িশা ও পশ্চিমবঙ্গ)।

১৯। কোন পাহাড়ি স্থানটিকে 'সাতপুরার রানি' বলা হয় — পাঁচমারি (মধ্য প্রদেশের হোসাঙ্গাবাদ জেলায় অবস্থিত)।

২০। ঝাড়খণ্ডের তুরামডিহ কোন খনিজ সম্পদের জন্য বিখ্যাত — ইউরেনিয়াম।

২১। ভারতের প্রাচীনতম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র কোনটি — তারাপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র (মহারাষ্ট্রে অবস্থিত। এটি ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল)।

২২। ভারতের বৃহত্তম ডিজেল-বৈদ্যুতিক লোকোমোটিভ প্রস্তুতকারক সংস্থা কোনটি — ডিজেল লোকোমোটিভ ওয়ার্ক্স বারাণসী (১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়)।

২৩। ভারতে সেচের জন্য ব্যবহৃত বৃহত্তম খাল কোনটি — ইন্দিরা গান্ধী খাল।

২৪। ভারতের একমাত্র অভয়ারণ্য কোনটি, যেখানে কাশ্মীর হরিণ পাওয়া যায় — কাশ্মীরের 'দাচিগাম জাতীয় উদ্যান'।

## অর্থনীতি

২৫। 'ব্লুমবার্গ বিলিয়নেয়ার্স ইনডেক্স'এর তরফ থেকে প্রকাশিত এক প্রতিবেদনের তথ্য অনুযায়ী, বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে ৪০ হাজার কোটি বা, ৪০০ বিলিয়ন মার্কিন ডলার সম্পদের মালিক হলেন কে — এলন মাস্ক (তাঁর কোম্পানি 'টেসলা' ও 'স্পেসএক্স'এর বাজারমূল্যের দ্রুত বৃদ্ধিই এই মাইলফলক অর্জনে প্রধান ভূমিকা রেখেছে)।

২৬। 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — রমা মোহন রাও অমরা।

২৭। বিশ্বের তৃতীয় বৃহত্তম স্মার্টফোন রফতানিকারক দেশে পরিণত হয়ে একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করল কোন দেশ — ভারত (নভেম্বরে, ভারত থেকে ২০ হাজার ৩৯৫ কোটি টাকার স্মার্টফোন রফতানি করা হয়েছে, যা ২০২৩ সালের নভেম্বরের থেকে ৯২% বেশি)।

২৮। 'বিশ্বব্যাঙ্ক'এর অর্থনীতিবিদদের একটি ব্লগ পোস্ট অনুসারে, ২০২৪ সালে রেমিট্যান্স আয়ের দিক থেকে শীর্ষ স্থানে রয়েছে কোন দেশ — ভারত (২০২৪ সালে আনুমানিক ১২৯ বিলিয়ন ডলার রেমিট্যান্স পেয়েছে ভারত, যা যেকোনো দেশের এক বছরে পাওয়া সর্বোচ্চ রেমিট্যান্স)।

২৯। 'জম্মু অ্যান্ড কাশ্মীর ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অমিতাভ চ্যাটার্জি।

## সাম্প্রতিক ঘটনা

৩০। 'গ্লোবাল অ্যান্টি-রেসিজম চ্যাম্পিয়নশিপ পুরস্কার' পেলেন কোন দেশের উর্মিলা চৌধুরি — নেপাল (জাতিগত ন্যায্যতা, ন্যায়বিচার ও মানবাধিকারের অগ্রগতিতে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে)।

৩১। ভারতের প্রথম সবুজ প্রত্যয়িত চিড়িয়াখানা হতে চলেছে কোন রাজ্যের 'দুর্গেশ অরণ্য জুলজিক্যাল পার্ক' — হিমাচল প্রদেশ ('ইন্ডিয়ান গ্রিন বিল্ডিং কাউন্সিল'এর তরফ থেকে সবুজ শংসাপত্র পেতে চলেছে এটি)।

৩২। 'নিউ দিল্লি মিউনিসিপ্যাল কাউন্সিল'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — কেশব চন্দ্র।

৩৩। 'ডং ফেং-২৬' মিসাইল তৈরি করেছে কোন দেশ — চিন।

৩৪। সম্প্রতি প্রয়াত বিবেক দেবরায় (৬৯ বছর) কে ছিলেন — অর্থনীতিবিদ (১ নভেম্বর মারা যান তিনি)।

৩৫। কোথায় দেশের প্রথম অ্যানালগ স্পেস মিশন চালু করল 'ইসরো' — লে-লাদাখ (এই মিশনটি মহাকাশচারীদের পৃথিবীর বাইরের নানা চ্যালেঞ্জের মুখোমুখি হতে সাহায্য করবে)।

৩৬। ৩৪ তম 'গথাম পুরস্কার'এ 'পারফর্মার ট্রিবিউট'এ সম্মানিত হতে চলেছেন কে — হলিউড অভিনেত্রী অ্যাঞ্জেলিনা জোলি ('মারিয়া' চলচ্চিত্রে মারিয়া ক্যালাসের ভূমিকায় অভিনয়ের জন্য এই সম্মান পাবেন তিনি)।

৩৭। প্রথমবারের মতো দু'টি তারাযুক্ত, অর্থাৎ ট্রিপল ব্ল্যাক হোল সিস্টেমবিশিষ্ট নতুন ধরনের কৃষ্ণগহ্বরের খোঁজ পেলেন কোন সংস্থার বিজ্ঞানীরা — ইউরোপীয় স্পেস এজেন্সি।

৩৮। নয়াদিল্লির সাউথ ব্লকে, প্রতিরক্ষা সচিব হিসাবে দায়িত্ব নিলেন কে — রাজেশ কুমার সিং।

৩৯। সম্প্রতি প্রয়াত রোহিত বল (৬৩



বছর) কে ছিলেন — ফ্যাশন ডিজাইনার (১ নভেম্বর মারা যান তিনি)।

৪০। 'মাল্টি কমোডিটি এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে — প্রবীণা রাই।

৪১। প্রতিরক্ষা ও নিরাপত্তা ক্ষেত্রে কোন দেশের সঙ্গে অংশীদারিত্ব গড়ল ইউরোপীয় ইউনিয়ন — জাপান।

৪২। ভারতীয় বিমান বাহিনীর এয়ার অফিসার-ইন-চার্জ রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিলেন কে — এয়ার মার্শাল অজয় কুমার অরোরা।

৪৩। মাত্র ১৮ বছর বয়সে বিশ্বের সর্বোচ্চ ১৪টি পর্বতের সবক'টিই জয় করে ইতিহাস গড়লেন কে — নেপালি পর্বতারোহী নিমা রিনজি শেরপা (৯ অক্টোবর, সকালে তিব্বতের 'শিশাপাংমা' পর্বতশৃঙ্গে (৮,০২৭ মিটার) আরোহণ করে এই কৃতিত্ব গড়লেন তিনি)।

৪৪। 'বিশ্ব জেলিফিশ দিবস' কবে পালিত হয় — ৩ নভেম্বর।

৪৫। 'বিশ্ব ভেগান দিবস' কবে পালিত হয় — ১ নভেম্বর।

৪৬। ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনের জন্য প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন কে — প্রাক্তন ভারত অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

৪৭। 'ওয়ার্ল্ড অ্যাগ্রিকালচার ফোরাম'এর সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — ড.জ্যাকলিন ডি'আরোস হুঘেস।

৪৮। বৎসোয়ানার ষষ্ঠ প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — ডুমা বোকো।

৪৯। প্রথম 'এশীয় বৌদ্ধ সম্মেলন' কোথায় হয়েছে — নয়াদিল্লি (৫ ও ৬ নভেম্বর)।

৫০। এখন কতদিন আগে পর্যন্ত দূরপাল্লার ট্রেনে সংরক্ষিত আসনের টিকিট কাটা যাবে — ৬০ দিন (এতদিন যাত্রার ১২০ দিন আগে থেকেই সংরক্ষিত আসনের টিকিট কাটা যেত)।

৫১। ভারতের কোন রাজ্যের 'পাক্কে টাইগার রিজার্ভ'এ, প্রজাপতি উদ্যানের উদ্বোধন করা হল — অরুণাচল প্রদেশ।

৫২। তাপপ্রবাহকে 'রাজ্য বিপর্যয়' হিসাবে ঘোষণা করল কোন রাজ্য — তামিলনাড়ু।

৫৩। ১৯০১ সালের পর, কোন সালের অক্টোবর দেশের উষ্ণতম — ২০২৪ (অক্টোবরে দেশে গড় তাপমাত্রা ২৬.৯২ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছিল। অন্যদিকে, ১৯০১ সালের অক্টোবরে দেশের গড় তাপমাত্রা ছিল ২৫.৬৯ ডিগ্রি সেলসিয়াস)।

৫৪। 'দীপম'-প্রকল্পের দ্বিতীয় ধাপের সূচনা করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ (এই উদ্যোগের অধীনে, যোগ্য পরিবারগুলিকে বিনামূল্যে গ্যাস সিলিন্ডার দেওয়া হয়)।

৫৫। কোন দুই দেশের মধ্যে নবম যৌথ সামরিক মহড়া 'গরুড় শক্তি ২৪' পরিচালিত হয়েছে — ভারত ও ইন্দোনেশিয়া।

৫৬। কোথায় ২৫ লাখ ১২ হাজার ৫৮৫টি প্রদীপ জ্বালিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' স্থাপন করা হয়েছে — অযোধ্যা।

৫৭। প্রাথমিক পর্যায়ের স্টার্টআপগুলির জন্য 'এলিভেট ২০২৪' প্রকল্প চালু করেছে কোন রাজ্য — কর্ণাটক।

৫৮। সম্প্রতি প্রয়াত কে.এস.পুট্টস্বামী (৯৮ বছর) কোন হাই কোর্টের প্রাক্তন বিচারপতি ছিলেন — কর্ণাটক।

৫৯। 'রোহিনী নায়ার পুরস্কার' পেলেন কে — ওড়িশার ইঞ্জিনিয়ার ও শিক্ষাবিদ



অনিল প্রধান (গ্রামীণ উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৬০। কোন দেশ ১৯টি ভারতীয় সংস্থাকে নিষিদ্ধ ঘোষণা করেছে — মার্কিন যুক্তরাষ্ট্র।

৬১। ঝাড়খণ্ডের মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — অলকা তিওয়ারি।

৬২। কোন দুই দেশের মধ্যে 'বজ্র প্রহর' নামে যৌথ সেনা মহড়া পরিচালিত হয়েছে — ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র (২ নভেম্বর থেকে ২২ নভেম্বর)।

৬৩। 'নিঙ্গোল চকৌবা' উৎসব ভারতের কোন রাজ্যে হয়েছে — মণিপুর।

৬৪। ভারতের রাষ্ট্রীয় মালিকানাধীন সংবাদ টেলিভিশন চ্যানেল 'ডিডি নিউজ' তাদের কত তম বার্ষিকী উদযাপন করেছে — ২১ তম (২৪ ঘন্টা সংবাদ চ্যানেল হিসাবে, ২০০৩ সালের ৩ নভেম্বর এটি চালু হয়েছিল)।

৬৫। 'বিশ্ব সুনামি সচেতনতা দিবস' কবে পালিত হয় — ৫ নভেম্বর।

৬৬। ভারতের কোন রাজ্যের ১৭ তম জেলা হিসাবে ঘোষিত হল 'মেলুরি'। — নাগাল্যান্ড।

৬৭। অস্ট্রেলিয়ার ব্রিসবেনে, ভারতের নতুন দূতাবাসের উদ্বোধন করলেন কেন্দ্রীয় পররাষ্ট্রমন্ত্রী এস.জয়শঙ্কর। এটি অস্ট্রেলিয়ায়, ভারতের কত তম দূতাবাস — চতুর্থ (অন্য ৩টি হল সিডনি, মেলবোর্ন ও পার্থ)।

৬৮। ভারত কোন দেশের সঙ্গে দ্বিপাক্ষিক প্রতিরক্ষা সহযোগিতার বিষয়ে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — আলজেরিয়া।

৬৯। শ্রীলঙ্কার পর্যটনের প্রধান উৎস বাজার কোন দেশ — ভারত (অক্টোবরে ৩৬,৪১৭ জন ভারতীয় পর্যটক এই দ্বীপ দেশটিতে এসেছেন)।

৭০। 'অস্কার' পুরস্কারের জন্য মনোনয়ন পেল চিদানন্দ এস.নায়েক'এর তৈরি স্বল্পদৈর্ঘ্যের চলচ্চিত্র 'সানফ্লাওয়ার্স ওয়ার দ্য ফার্স্ট ওয়ানস টু নো'। চলচ্চিত্রটি কোন ভাষার — কন্নড় ('লাইভ অ্যাকশন শর্ট ফিল্ম' বিভাগে মনোনয়ন পেয়েছে চলচ্চিত্রটি)।

৭১। 'আন্তর্জাতিক সৌর জোট'এর প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হয়েছে কোন দেশ — ভারত (কো-প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছে ফ্রান্স)।

৭২। 'ডিজিটাল ইন্ডিয়া কমন সার্ভিস সেন্টার' চালু করেছে কোন কেন্দ্রীয় মন্ত্রক — ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক।

## খেলাধুলা

৭৩। প্রথম আইপিএস অফিসার হিসাবে, এবছর 'কমনওয়েলথ ইন্টারন্যাশনাল ক্লাসিক বেঞ্চ প্রেস চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেয়ে ইতিহাস গড়লেন কে — পুদুচেরির সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ অনিতা রায়।

৭৪। ২০২৪ সালে ইতালিতে, বিশ্ব টেবল টেনিস ফিডার ক্যাগলিয়ারি টুর্নামেন্টে মহিলাদের ডাবলস খেতাব জিতলেন কোন ভারতীয় জুটি — কৃত্তিকা রায় ও যশস্বিনী ঘোরপাড়ে।

৭৫। সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত নেওয়া ম্যাথিউ ওয়েড কোন দেশের ক্রিকেটার — অস্ট্রেলিয়া।

৭৬। ২০২৪ সালে 'অনূর্ধ্ব-২৩ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারতীয় দল মোট ক'টি পদক পেয়েছে — ৯টি (এর মধ্যে ১টি সোনা, ১টি রুপো ও ৭টি ব্রঞ্জ পদক)।

৭৭। ২০২৪ সালে এসিসি পুরুষদের টোয়েন্টি-২০ এমার্জিং টিমস এশিয়া কাপ জিতল কোন দল — আফগান-ই-স্তান এ দল (শ্রীলঙ্কা এ দলকে ৭ উইকেটে হারিয়ে)।

৭৮। ২০২৪ সালে 'জাপান প্যারা ব্যাডমিন্টন আন্তর্জাতিক টুর্নামেন্ট'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ২৪টি (এর মধ্যে ৬টি সোনা, ৯টি রুপো ও ৯টি ব্রঞ্জ পদক)।

৭৯। ২০২৪ সালে নয়াদিল্লিতে, 'সিআইআই স্পোর্টস বিজনেস পুরস্কার'এ 'বর্ষসেরা স্পোর্টস লিগ'এর খেতাব পেয়েছে কোন লিগ — প্রো কাবাডি লিগ।

৮০। ২০২৪ সালে মহিলাদের বিভাগে "ব্যালন ডি'অর" জিতলেন কে —



বার্সেলোনা মিডফিল্ডার আইতানা বোনমাতি।

৮১। টোকিওতে, 'জাপান প্যারা ব্যাডমিন্টন ইন্টারন্যাশনাল টুর্নামেন্ট'এ পুরুষদের সিঙ্গলসে সোনার পদক পেলেন কে — ভারতের সুকান্ত কদম।

৮২। প্রথম ভারতীয় প্যাডলার হিসাবে, ফ্রান্সের মন্টপেলিয়ারে ডব্লুটিটি চ্যাম্পিয়ন্স ইভেন্টে কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে ইতিহাস গড়লেন কে — মণিকা বাত্রা।

৮৩। সম্প্রতি প্রকাশিত ফিফা র‍্যাঙ্কিংয়ে প্রথম স্থানে রয়েছে কোন দল — আর্জেন্তিনা।

৮৪। এখন থেকে 'ধ্যানচাঁদ জীবনকৃতি সম্মান'এর বদলে কোন পুরস্কার দেওয়া হবে — অর্জুন জীবনকৃতি সম্মান।

৮৫। ২০২৪ সালে ডব্লু আর চেজ মাস্টার্স কাপ জিতলেন কে — ভারতীয় গ্র্যান্ডমাস্টার অর্জুন এরিগাইসি।

**সঙ্কলক : পলি দেওয়ান**

বেরিয়েছে

জানুয়ারি থেকে ডিসেম্বর ২০২৪

একেবারে হাতের মুঠোয়

যে কোনো চাকরির পরীক্ষার জন্য অবশ্যই লাগবে সাম্প্রতিক ঘটনার জেনারেল নলেজের জন্য




নিজের সংখ্যা নিশ্চিত করতে ফোন করুন :

6291684943

# নেভিতে ২৭০ অফিসার

১ পাতার পর

১-১-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল এয়ার অপারেশন্স অফিসার) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ২২টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (পাইলট) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ২৬টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (লজিস্টিক্স) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রথম শ্রেণির এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স, লজিস্টিক্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। প্রথম শ্রেণির এম.সি.এ. বা, এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ২৮টি।

**এডুকেশন ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (অঙ্ক/অপারেশনাল রিসার্চ) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (ফিজিক্স বা, অ্যাপ্লায়েড ফিজিক্স) কোর্স পাশরাও যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ৭টি।

(খ) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

এডুকেশন ব্রাঞ্চের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে ও মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** মেকানিক্যাল, মেরিন, ইন্সট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৩৮টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৪৫টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (ন্যাভাল কনস্ট্রাকটর) :** মেকানিক্যাল, সিভিল, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, মেটালার্জি, ন্যাভাল আর্কিটেকচার, ওশান ইঞ্জিনিয়ারিং, মেরিন, শিপ টেকনোলজি, শিপ বিল্ডিং, শিপ ডিজাইনের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। শুরুতে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

RICE ADAMAS GROUP

আবারও প্রমাণিত হল যে RICE-এর মেথোডোলজি অনুসরণ করে সরকারি চাকরির পরীক্ষায় সাফল্য অর্জন করা সম্ভব।

RICE EDUCATION

WBCS 2022 মেইনস পরীক্ষায়, RICE-এর 100+ জন শিক্ষার্থী সফল হয়েছেন!

WBCS পরীক্ষার পদ্ধতিতে আসছে বড় পরিবর্তন!

পরিবর্তিত WBCS পরীক্ষার পদ্ধতি অনুযায়ী প্রস্তুতির জন্য সঠিক নির্দেশনা এবং পরিকল্পনা অত্যন্ত জরুরি। আর এই নতুন চ্যালেঞ্জে সফল হতে RICE Education-ই তোমার একমাত্র ভরসা।

RICE Education-ই একমাত্র প্রতিষ্ঠান, যারা নতুন ফরম্যাটে WBCS এবং IAS-এর জন্য একটি বিশেষ ইন্টিগ্রেটেড কোর্স নিয়ে এসেছে।

Classroom I Online I Residential

IAS I WBCS I PSC I SSC I Rail I Police I Bank I TET I Insurance

প্রশাসনিক পদে কর্মরত RICE-এর সম্প্রতি সফল জেলার কয়েকজন ছাত্রছাত্রীদের তথ্য, যাদের সাফল্য রাজ্যের তরুণ প্রজন্মকে সরকারি চাকরিতে সফল হতে অনুপ্রাণীত করছে...




RICE Education-এর প্রাক্তন শিক্ষার্থী যারা এখনও সাফল্যের জন্য প্রস্তুতি নিচ্ছেন, আমরা আপনাদের পাশে আছি। আজই যোগাযোগ করুন!

অধ্যাপক ডঃ সমিত রায়ের কাছ থেকে সরাসরি জেনে নিন IAS, WBCS, PSC, CGL, CHSL, Rail, Police, Bank, Insurance, ইত্যাদি পরীক্ষায় সফল হওয়ার চাবিকাঠি।

| | | |
|---|---|---|
| Berhampore Centre | 19th February, 2025, Wednesday, at Rabindra Sadan, Berhampore | Entry only on prior registration. To register call our helpline no 62921 90230 |
| Head Office - Belgharia | 22nd February, 2025, Saturday, at Adamas International School Auditorium, Rathtala | |
| Malda Centre | 25th February, 2025, Tuesday, at Sanaulla Mancha, Malda | |

Arambag : 87775 19273 | Asansol : 84799 00577 | Barasat : 84799 00574 | Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Gangarampur : 86977 46059 | Howrah Maidan : 84799 17956 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur. 84799 17962 | Tamluk : 84799 17957

Head Office : "Dishari House", Belgharia 84799 02085 / 84799 18051
Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Residential Program at Adamas Knowledge City, Barasat
To know more: 62921 90236, 98742 93000

ricesmart | RICE RESIDENTIAL | RICE IAS | ADAMAS UNIVERSITY | Adamas International School | Adamas World School | adamas tech | Adamas Kids

HELPLINE : 62921 90230
riceeducation.in

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com

follow করুন আমাদের
KARMASANGSTHAN.ONLINE
social media page and group

Visit Website : Click Here

Join Whatsapp Group : Click Here

Follow Whatsapp Channel : Click Here

Join Telegram Group : Click Here

Follow Facebook Page : Click Here

Follow Instagram Page : Click Here

কর্মসংস্থান পেপারের জন্য ভিজিট করুন - Click Here
কর্মক্ষেত্র পেপারের জন্য ভিজিট করুন - Click Here
কর্ম-সংস্কৃতি পেপারের জন্য ভিজিট করুন -Click Here

by - karmasangsthan.online